পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 30, Issue No.: 11 Wednesday, 11 December, 2024 ✻ ৩০ বর্ষ, ১১ সংখ্যা ✻ ২৫ অগ্রহায়ণ ১৪৩১, বুধবার, ১১ ডিসেম্বর, ২০২৪ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য– ৩ টাকা

বিনীত গোয়েলের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের ‘সুপ্রিম’ অনুমতি

নয়াদিল্লি, ১০ ডিসেম্বরঃ গত ৭ নভেম্বর শীর্ষ আদালতে আরজি কর মামলার শুনানি হয়েছিল। প্রায় এক মাস পর আজ ওই মামলার শুনানি শেষ হল সুপ্রিম কোর্টে। এদিন কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহার করার অনুমতি দিল সুপ্রিম কোর্ট। ঘটনা হল, বিনীতের বিরুদ্ধে অভিযোগ, আরজি কর মেডিক্যাল কলেজে নির্যাতিতা চিকিৎসক-পড়ুয়ার নাম তিনি প্রকাশ্যে বলেছিলেন। সে ব্যাপারেই মামলা হয়েছিল সুপ্রিম কোর্টে। কিন্তু যেহেতু মামলাটি কলকাতা হাইকোর্টে বিচারাধীন রয়েছে। তাই মামলা প্রত্যাহার করার অনুমতি দেন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। প্রসঙ্গত, গত ৯ আগস্ট আরজি কর মেডিক্যালে মহিলা চিকিৎসকের দেহ উদ্ধারের পর তাঁর নাম প্রকাশ করে দেওয়ার অভিযোগ ওঠে কলকাতার তৎকালীন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের বিরুদ্ধে। এই অভিযোগে বিনীত গোয়েলের বিরুদ্ধে এফআইআর দায়েরের দাবি জানিয়ে মামলা দায়ের হয় কলকাতা হাইকোর্টে। এই ব্যাপারে নোটিস ইস্যু করতে বলেছিল প্রধান বিচারপতি টিএম শিবজ্ঞানমের বেঞ্চ। নির্যাতিতার নাম বলা নিয়ে প্রাক্তন পুলিশ কমিশনারের বিরুদ্ধে রাজ্য পদক্ষেপ করতে পারবে বলে আদালতে জানায় কেন্দ্র। আরজি করের ঘটনায় কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের বিরুদ্ধে যদি শৃঙ্খলা ভঙ্গের অপরাধে কোনও ব্যবস্থা নিতে হয় তাহলে সেটা আইন অনুযায়ী রাজ্যই নিতে পারে বলে কলকাতা হাইকোর্টে জানায় কেন্দ্রের অ্যাডিশনাল সলিসিটর জেনারেল অশোক চক্রবর্তী।

রাজ্যের বিরুদ্ধে হাইকোর্টে বাস মালিকরা

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ডিসেম্বরঃ দূষণ ঠেকাতে বাসের মেয়াদ আগেই নির্ধারণ করে দিয়েছিল ন্যাশনাল গ্রিন ট্রাইবুনাল। তা মেনে কলকাতা-সহ দেশের একাধিক হাইকোর্ট অনেক আগেই বেসরকারি বাণিজ্যিক গাড়ির আয়ু পনেরো বছর পর্যন্ত বেঁধে দিয়েছে। সেই প্রেক্ষিতে পনেরো বছরের পুরনো বাস, লরি, ট্যাক্সি, অটো চলাচল নিষিদ্ধ করার নির্দেশ দিয়েছে রাজ্য। রাজ্যের ওই নির্দেশকে চ্যালেঞ্জ করে এবার কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করল বাস মালিকদের সংগঠন। আদালত সূত্রে জানা গেছে, আগামী ১৮ নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি হবে। বস্তুত, সম্প্রতি এ ব্যাপারে কলকাতা হাইকোর্ট রাজ্যকে দ্রুত পদক্ষেপ গ্রহণের নির্দেশ দিয়েছিল। আদালতের সেই নির্দেশের প্রেক্ষিতে শুধু নিষেধাজ্ঞা জারি করা নয়, জট খুলতে এদিন বাস মালিকদের সংগঠনের সঙ্গে বৈঠকও করেন পরিবহণ সচিব। সূত্রের খবর, সেখানে রাজ্যের তরফে জানানো হয়, এ ব্যাপারে রাজ্যের কিছু করার নেই। এরপরই রাজ্যের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে আদালতের দ্বারস্থ হয়েছেন বাস মালিকরা।

‘আমরা মমতাকেই চাই’, সাফ কথা লালুর, কংগ্রেসের আপত্তিও মানতে নারাজ

নয়াদিল্লি, ১০ ডিসেম্বরঃ ইন্ডিয়া জোটের হাল কি এবার মমতা বন্দ্যোপাধ্যায়ের হাতে? আরজেডি নেতা লালু প্রসাদের কথায় আবারও বাড়ল সেই জল্পনা। সমাজবাদী পার্টি নেতা অখিলেশ যাদব, এনসিপি নেতা শরদ পাওয়ারের পর এবার লালু প্রসাদ যাদব। সোমবার ওয়াই এস আর কংগ্রেসও মমতাকেই নেত্রী হিসেবে সমর্থন করেছেন। আর এবার লালুর মুখেও শোনা গেল একই কথা। কংগ্রেসের কোনও আপত্তি মানবেন না বলেও জানিয়েছেন তিনি। সংবাদসংস্থার প্রশ্নের মুখে লালু প্রসাদ বলেন, ‘‘কংগ্রেসের আপত্তি কোনও বিষয় নয়। আমরা মমতাকেই সমর্থন করব। ২০২৫-এ সরকার গড়ব আমরা।’’ মমতাকে সমর্থন করেছে উদ্ধব ঠাকরের শিব সেনাও। এদিকে, মমতাকে ইন্ডিয়া জোটের নেত্রী করার জোরাল দাবির আবহেই দিল্লিতে শরদ পাওয়ারের সঙ্গে বৈঠকে বসছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীবাল। জানা যাচ্ছে, ‘দিল্লি নির্বাচনে কংগ্রেসের সঙ্গ ছাড়াই লড়বেন কেজরীবাল।’ লোকসভায় ফল ভাল হওয়ার পর কিছুটা ঘুরে দাঁড়িয়েছিল কংগ্রেস। কিন্তু দিল্লি এবং হরিয়ানা বিধানসভায় ভরাডুবির পর কংগ্রেস আবারও ব্যাকফুটে চলে গেলেন বলেই মনে করছে রাজনৈতিক মহল। তারপরই রাহুলের নেতৃত্বকে অস্বীকার করতে শুরু করেছে জোটের বাকি শরিকরা! নেতৃত্ব নিয়ে আবারও উঠেছে প্রশ্ন। অন্যদিকে, পশ্চিমবঙ্গে বিজেপিকে বারবার হারানোর রেকর্ড রয়েছে মমতার দল তৃণমূল কংগ্রেসের হাতে। সেই কারণেই মমতাকে সামনে রেখে বাকিরা লড়তে চাইছে বলে মনে করছেন বিশ্লেষকরা। তবে ইন্ডিয়া জোটের বাকি নেতাদের গুরুত্ব দিতে নারাজ কংগ্রেস। এই প্রসঙ্গে কংগ্রেস নেতা সৌম্য আইচ রায় বলেন, ‘‘যারা সারা দেশে ১০০ আসন পেল, তারা নেতৃত্ব ঠিক করবে, নাকি যারা ২০-৩০টা আসন পেয়েছে তারা?’’ এই সব নেতারা কী বলছেন, তাতে কিছু যায় আসে না। বিজেপির বিরোধিতা কেবলমাত্র কংগ্রেসই করতে পারবে বলে মনে করেন তিনি।

রাজ্যের ডেমোগ্রাফি পাল্টে দিয়েছেন, মমতাকে আক্রমণ শুভেন্দুর

দুরন্ত বার্তা, বসিরহাট, ১০ ডিসেম্বরঃ বাংলাদেশে একের পর এক হিন্দু নির্যাতনের খবর সামনে আসছে। প্রতিবেশী দেশ বাংলাদেশ থেকে নানা ধরনের হুমকি, হুঁশিয়ারি, ভারত বিদ্বেষী কথাবার্তাও বলা হচ্ছে বলে খবর। তবে এই সব ভিডিয়োর সত্যতা যাচাই করেনি দুরন্ত বার্তা। এবার বসিরহাটের নাকুয়াদহ হাজরাতলা মোড়ের প্রতিবাদ সভা থেকে পালটা হুঁশিয়ারি দিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এখানে প্রতিবাদ সভার আয়োজন করেছিল বঙ্গীয় হিন্দু রক্ষা সমিতি। বাংলাদেশে হিন্দু নির্যাতন বন্ধের দাবিতে এই সভা। সেখানে হিন্দু নির্যাতনের বিরুদ্ধে আওয়াজ তোলা হয়। ভারতের জাতীয় পতাকাকে বাংলাদেশে অবমাননা করা হয়েছে এই অভিযোগ তুলে সভাস্থলে প্রতিবাদ জানানো হয়। সেই সঙ্গেই বাংলাদেশে গ্রেফতার হওয়া সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে অবিলম্বে মুক্তি দেওয়ার দাবিতে আওয়াজ তোলা হয় এই সভা থেকে। সেই সভা থেকে শুভেন্দু অধিকারী একের পর এক হুঙ্কার দেন। জয় শ্রীরাম ধ্বনি তোলা হয় সভা মঞ্চ থেকে। শুভেন্দু বলেন, ‘‘মন্দির ভাঙা বন্ধ না করলে, চিন্ময় প্রভুকে মুক্তি না দিলে, জেহাদিদের আওয়াজ বন্ধ না হলে নতুন বছরে সিনেমা দেখাব। আমাদের দেশে এমন একজন প্রধানমন্ত্রী আছেন যিনি ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির এক দেশ, এক নিশান, এক বিধান, ৩৭০কে বিলোপ করে কাশ্মীরে ভারতের ঝান্ডা উড়িয়েছেন। এবার সময় এসেছে হিন্দুদের ধর্ম রক্ষার কমিটি তৈরি করার। ধর্ম রক্ষা কমিটি তৈরি করতে হবে। এই লড়াই বাঁচার লড়াই। রাজ্যের মুখ্যমন্ত্রীর কথার পরিবর্তন কেন হচ্ছে জানেন আপনারা ঐক্যবদ্ধ হচ্ছেন, তিনি বুঝতে পারছেন শুধু ৩০ শতাংশ দিয়ে বৈতরনী পার হওয়া যাবে না। ৭০ শতাংশ এক হয়ে যাচ্ছে। আপনি এই রাজ্যের ডেমোগ্রাফি বদলে দিয়েছেন। সিপিএম শুরু করেছিল আর আপনি সম্পূর্ণ করছেন। এক কোটি রোহিঙ্গাদের ঢুকিয়ে দিয়েছেন। ওনার এক মন্ত্রী তো এক ধাপ এগিয়ে সিদ্দিকুল্লা চৌধুরী। বললেন মহম্মদ ইউনুস ঠিক করছেন। ওটা অভ্যন্তরীন বিষয়। এই মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গের হিন্দুদের প্রটেকশন দিতে পারেননি।’’ সভায় স্লোগান ওঠে, দুনিয়ার হিন্দু এক হও। শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে পোস্ট করা ভিডিয়ো সূত্রে জানা গিয়েছে। শুভেন্দু বলেন, ‘‘পারবেন মুখ্যমন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরীকে মন্ত্রিসভা থেকে সরিয়ে দিতে।’’ সেই সঙ্গে সীমান্তে বেড়া দেওয়ার জন্য রাজ্য সরকার জমি দেওয়ার ক্ষেত্রে সহযোগিতা করছে না বলে দাবি করেন শুভেন্দু অধিকারী। এদিকে বাংলাদেশে হিন্দু নির্যাতন বন্ধের দাবিতে এদিন উপস্থিত নেতৃত্বরা বার বার দাবি তোলেন। রাজ্যের বিভিন্ন প্রান্তে এদিন একাধিক সংগঠন এই নির্যাতন বন্ধের দাবিতে মিছিল, সভার আয়োজন করে।

হাওড়ার ড্রেনেজ ক্যানাল রোডের নাম বদল

নতুন নামকরণ করলেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, হাওড়া ও দিঘা, ১০ ডিসেম্বরঃ হাওড়ার ডুমুরজলা হেলিপ্যাড গ্রাউন্ড সংলগ্ন ড্রেনেজ ক্যানেল রোডের নাম পরিবর্তন করে প্রয়াত ফুটবলার শৈলেন মান্নার নাম করার নির্দেশ দিলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজ, মঙ্গলবার তিনদিনের দিঘা সফরে গেলেন মুখ্যমন্ত্রী। যাওয়ার আগে হাওড়া ডুমুরজলা হেলিপ্যাড গ্রাউন্ডে আসেন মুখ্যমন্ত্রী। আজ পূর্ব মেদিনীপুর রওনার আগে হাওড়া ডুমুরজলা হেলিপ্যাড গ্রাউন্ডে হাওড়ার ডিএম’কে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। তবে বাংলাদেশ প্রসঙ্গে ভারত সরকার যা করবে তার উপরই ভরসা রাখা হবে বলে জানান। এই নিয়ে বা।তি কথা বলতে চাননি তিনি। এদিকে ২০২০ সালে হাওড়ার ডুমুরজলা স্টেডিয়ামের নামকরণ প্রয়াত কিংবদন্তী ফুটবলার শৈলেন মান্নার নামে করেছিলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার হাওড়ায় একটি রাস্তার নামও বদলে দিলেন মুখ্যমন্ত্রী। নতুন নামকরণ করা হল, শৈলেন মান্নার নামে। ড্রেনেজ ক্যানাল রোডের ধারেই ডুমুরজলা স্টেডিয়াম। সেই রাস্তার নামই শৈলেন মান্না সরনি করতে প্রশাসনকে নির্দেশ দেন। তারপর হেলিকপ্টারে করে দিঘায় এসে পৌঁছন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনদিনের জেলা সফরে সৈকত শহর দিঘায় এসে পৌঁছলেন তিনি। আজ বিকেল ৩টে নাগাদ নিউ দিঘা হেলিপ্যাড ময়দানে নামেন। অন্যদিকে আজ দিঘা সফরে আসার প্রাক্কালে হাওড়া ডুমুরজেলা হেলিপ্যাড গ্রাউন্ড থেকে এই নামের

দিঘায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

ঘোষণা করেন রাজ্যের প্রশাসনিক প্রধান। আজ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় জেলাশাসককে নির্দেশ দেন, ‘‘হাওড়ার ড্রেনেজ ক্যানেল রোডের সংস্কার করতে হবে এবং রাস্তার চারপাশে সৌন্দর্যায়ন করতে হবে। রাস্তার পাশে কিছু দোকান বসানোর অনুমতি দিতে হবে। তবে যেন কোনও সমস্যা না হয়।’’ গোটা বিষয়টি খতিয়ে দেখার নির্দেশ দেন প্রশাসনকে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিঘায় পৌঁছতেই কর্মী সমর্থকদের উৎসাহ উদ্দীপনা তুঙ্গে ওঠে। গাড়িতে করে মুখ্যমন্ত্রী যান ওল্ড দিঘার দীঘিতে। আগামীকাল, বুধবার জগন্নাথ মন্দির দর্শনে যাবেন বলে ঘোষণা করেন তিনি। সঙ্গে প্রশাসনিক বৈঠকও করবেন। এছাড়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রস্তাব দেন, যদি হাওড়ার অন্য কোনও রাস্তার নাম শৈলেন মান্নার নামে না থাকে তাহলে এই রাস্তাটির নাম ড্রেনেজ ক্যানেল রোডের পরিবর্তে কিংবদন্তী ফুটবলারের নামে রাখা হোক। ফুটবলারদের কাছে শৈলেন মান্না আজও একটা আবেগের নাম। আগেও নানা শিল্পী, খেলোয়াড়দের সম্মান জানানোর জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে একাধিক রাস্তার নাম পরিবর্তন করা হয়েছিল। এবার শৈলেন মান্নার নামে নামকরণ করা হতে চলেছে হাওড়ার ড্রেনেজ ক্যানাল রোড। যা সাধারণ মানুষ শুনে অত্যন্ত খুশি হয়েছেন।

রাজ্যসভার চেয়ারম্যান ধনখড়ের বিরুদ্ধে অনাস্থা আনল কংগ্রেস, ইতিহাসে বেনজির

নয়াদিল্লি, ১০ ডিসেম্বরঃ মঙ্গলবার বিরোধীরা উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখড়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনল। কংগ্রেসের নেতৃত্বে এই অনাস্থা নোটিস আনা হয়। সংসদের উচ্চকক্ষে চেয়ারম্যানের সঙ্গে বিরোধীদের ক্রমাগত সংঘাতের জেরে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। দেশের সংসদীয় ইতিহাসে এই প্রথম এ ধরনের ঘটনা ঘটল। ২০২৪-এর লোকসভা ভোটের পর সংসদে কংগ্রেস ও তৃণমূলের মধ্যে বোঝাপড়া প্রায় নেই বললেই চলে। গৌতম আদানির কোম্পানির বিরুদ্ধে ওঠা দুর্নীতির অভিযোগের মতো গুরুত্বপূর্ণ ইস্যুতেও কংগ্রেসের সিদ্ধান্তে গলা মেলায়নি তৃণমূল। কিন্তু রাজ্যসভার চেয়ারম্যান তথা উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের বিরুদ্ধে কংগ্রেসের অনাস্থা প্রস্তাবে পাশে থাকার কথা জানিয়েছে জোড়াফুল-সহ একাধিক বিরোধী দল। ধনখড়ের বিরুদ্ধে কংগ্রেসের অভিযোগের সার কথা হল, রাজ্যসভার চেয়ারম্যান নিরপেক্ষ রেফারির ভূমিকা ছেড়ে শাসকদল বিজেপির গোলকিপারের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। অভিযোগটা নতুন নয়। কংগ্রেস-সহ বিরোধী দলগুলির বক্তব্য, হালে ধনখড়ের এমন আচরণ মাত্রা ছাড়িয়েছে। সম্প্রতি বিজেপি সাংসদরা মার্কিন ধনকুবের জর্জ সোরসকে জড়িয়ে কংগ্রেসকে আক্রমণ করেছেন। অভিযোগ

করেছেন সোরসের সংস্থার কাছ থেকে কংগ্রেস বিপুল টাকা পেয়ে থাকে, যারা কাশ্মীর-সহ নানা ইস্যুতে বিশ্বব্যাপী ভারতের নিন্দামন্দ করে থাকে। বিজেপির আরও অভিযোগ, কংগ্রেস দেশবিরোধীদের টাকা নিয়ে থাকে। এমনকী এই অভিযোগও করা হয়েছে, যে কংগ্রেসের সংসদীয় দলের চেয়ারপার্সন তথা রাজ্যসভা সদস্য সোনিয়া গান্ধি জর্জ সোরসের প্রতিষ্ঠান ফোরাম অফ এশিয়া প্যাসিফিকের সদস্য। প্রসঙ্গত গত বছর সোরসকে নিয়ে কংগ্রেস ও বিজেপির মধ্যে বিবাদ মাত্রা ছাড়িয়েছিল। সোরস প্রকাশ্যে অভিযোগ করেছিলেন, নরেন্দ্র মোদির জমানায় ভারতে গণতন্ত্র বিপন্ন। আরও বলেছিলেন, তাঁর সংস্থা ভারতে গণতন্ত্র পুনরুদ্ধারে সাহায্য করতে আগ্রহী। কংগ্রেস পত্রপাঠ সোরসের প্রস্তাব খারিজ করে দিয়ে বলেছিল, ভারতের সমস্যা ভারত একাই মেটাতে পারবে। ভারতের জনগণই এই ব্যাপারে শেষ কথা বলবে। কারও নাক গলানোর প্রয়োজন নেই। কংগ্রেস সভাপতি তথা রাজ্যসভায় দলের নেতা মল্লিকার্জুন খাড়্গের অভিযোগ, ধনখড় বিজেপির সাংসদদের রাজ্যসভায় এমন সব ভিত্তিহীন কথা বলতে দিয়ে কংগ্রেসকে আক্রমণ এবং হেয় করার সুযোগ করে দিয়েছেন। কিন্তু পাল্টা কংগ্রেস-সহ বিরোধী দলগুলিকে বলার সুযোগ দেননি। কংগ্রেস নেতৃত্ব অন্য বিরোধী দলগুলির সঙ্গে ধনখড়ের এমন আচরণ নিয়ে কথা বলেছে। সংসদ সূত্রের খবর, তৃণমূল কংগ্রেস-সহ একাধিক বিজেপি বিরোধী দল এই ব্যাপারে কংগ্রেসের পাশে থাকার আশ্বাস দিয়েছে যে ধনখড়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনলে তারা সেটি সমর্থন করবে। রাজ্যসভায় এখন বিজেপি তথা এনডিএ সংখ্যাগরিষ্ঠ। তাই ভোটাভুটি করে রাজ্যসভার চেয়ারম্যানের আসন থেকে ধনখড়কে সরানো কঠিন। আরও বড় প্রশ্ন, ধনখড় তাঁর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনার সুযোগ দেবেন কিনা। তবে অনাস্থা প্রস্তাব পেশ হওয়াটাই রাজ্যসভার চেয়ারম্যান, লোকসভার স্পিকারের জন্য অস্বস্তিদায়ক। সেই কারণেই কংগ্রেস ধনখড়ের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে এল।

ডাক্তারদের অভিযোগ শুনবে টাস্ক ফোর্স, সুপ্রিম কোর্টে আরজি কর মামলার পরবর্তী শুনানি ১৭ মার্চ

নয়াদিল্লি, ১০ ডিসেম্বরঃ গত ৭ নভেম্বর শীর্ষ আদালতে আরজি কর মামলার শুনানি হয়েছিল। প্রায় এক মাস পর আজ ওই মামলার শুনানি হল সুপ্রিম কোর্টে। বেলা ১১টা নাগাদ প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে শুনানি শুরু হয়। মঙ্গলবার সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতি জানান, সিবিআই স্ট্যাটাস রিপোর্ট জমা দিয়েছে। বয়ান রেকর্ড করা হয়েছে ৪৩ জন সাক্ষীর। সিবিআইয়ের আইনজীবী তথা কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল তুষার মেহতা তদন্তের অগ্রগতির রিপোর্ট জমা দেন শীর্ষ আদালতে। এটি সিবিআইয়ের সপ্তম রিপোর্ট। সোমবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত রোজ নিম্ন আদালতে আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ধর্ষণ মামলার শুনানি হচ্ছে। সেই শুনানি প্রক্রিয়া আগামী মাসের মধ্যে শেষ হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। সুপ্রিম কোর্ট জানিয়েছে মোট ৫২ জন সাক্ষী আছেন। রেকর্ড করা হয়েছে ৪৩ জনের বয়ান। অন্যদিকে আদালতে নির্যাতিতার পরিবারের আইনজীবী আর্জি জানান, দ্রুত বিচার দেওয়া হোক। তিনিও আশাবাদী আগামী সপ্তাহের মধ্যে ট্রায়াল শেষ হয়ে যেতে পারে। শুনানির শুরুতেই প্রধান বিচারপতি জানিয়ে দেন, শুধু আর্জি এবং প্রয়োজনীয় তথ্যই শোনা আর দেখা হবে। ফলে এদিন রিপোর্ট পেশের পরপরই প্রধান বিচারপতি ডিএনএ রিপোর্ট দেখতে চান। জবাবে তুষার মেহতা জানান রিপোর্ট ম্যাচ করেছে। এরপরই আর্থিক দুর্নীতি মামলায় চার্জশিট দেওয়া হয়েছে কি না, জানতে চান প্রধান বিচারপতি। তুষার বলেন, ‘‘অন্য কোর্টে মামলা চলছে।’’ একই সঙ্গে তিনি রাজ্যের বিরুদ্ধে অভিযোগ জানিয়ে বলেন, ২৭ নভেম্বর সরকারি পদে কাজ করা দুই অভিযুক্তের বিরুদ্ধে পদক্ষেপ করার জন্য রাজ্যের অনুমতি চাওয়া হয়েছিল। ২৯ নভেম্বর চার্জশিটও দেওয়া হয়। এরপরই রাজ্যের আইনজীবীর উদ্দেশে প্রধান বিচারপতি প্রয়োজনীয় পদক্ষেপ করতে নির্দেশ দেন। আর ঠিক তখনই জুনিয়র ডাক্তারদের আইনজীবী ইন্দিরা জয়সিংহ প্রধান বিচারপতির কাছে আর্জি জানান, তিনি যেন রাজ্যের পদক্ষেপের উপর নজরদারি করতে নিরপেক্ষ কমিটি গঠন করার বিষয়টা একবার বিবেচনা করে দেখেন। এর উত্তরে প্রধান বিচারপতি নির্দেশ দেন, ডাক্তারদের যা বলার সেটা যেন ন্যাশনাল টাস্ক ফোর্সের কাছে জানায়। এর জন্য এনটিএফ-কে একটি ইমেইল তৈরি করার কথাও বলেন তিনি। জানিয়ে দেন, ১২ সপ্তাহ পরে সব খতিয়ে দেখে টাস্ক ফোর্সকে রিপোর্ট দিতে হবে। প্রধান বিচারপতি জানান, আরজি কর মামলার পরবর্তী শুনানি হবে আগামী ১৭ মার্চ।

জেএমবি-আল কায়েদার কায়দাতেই বাংলায় ঘর বাঁধছে বাংলাদেশের নিষিদ্ধ জঙ্গি সংগঠন?

দুরন্ত বার্তা প্রতিবেদন

জেএমবি এবং আল কায়েদা উপমহাদেশের ছক অনুসরণ করেই সংগঠন বাড়াচ্ছে নিষিদ্ধ ইসলামিক জঙ্গি সংগঠন হিজবুত তাহরি। সংগঠনের দুই সদস্যের ভারত আগামন, সংগঠন বিস্তারের চেষ্টা, এবং মে মাসের শেষে ফের বাংলাদেশে পলায়নের ছবি দেখে এমনটাই মনে করছেন গোয়েন্দারা। এই রাজ্যেও হিজবুতের টার্গেট মালদহ, মুর্শিদাবাদ থেকে শুরু করে কোচবিহার নদিয়ার সীমান্তবর্তী এলাকা। প্রসঙ্গত, বাংলাদেশে অশান্তির আঁচ এসে পৌঁছেছে এপার বাংলাতেও। অনুপ্রবেশ নিয়ে চিন্তা বেড়েছে সরকারের। সীমান্তে টহল বাড়িয়েছে সীমান্ত রক্ষী বাহিনী। কিন্তু গোয়েন্দা রিপোর্ট বলছে, সীমান্তবর্তী এলাকা মূলত মালদহ, মুর্শিদাবাদ থেকে শুরু করে কোচবিহার নদিয়ার সীমান্তবর্তী এলাকায় পরিযায়ী শ্রমিকদের ধরেই সংগঠন বিস্তারের চেষ্টা করছে ‘হাট’। প্রসঙ্গত, পরিযায়ী শ্রমিকদের বড় অংশই দক্ষিণ ভারতে বিশেষ করে কেরল এবং তামিলনাড়ুর বিভিন্ন শহরে কাজ করতে যান। ফলে দক্ষিণ থেকে বাংলাদেশ সীমান্ত পর্যন্ত যোগাযোগের সাংগঠনিক করিডোর

গোয়েদা রিপোর্টেই সব পর্দাফাঁস

তৈরি আপাতভাবে সহজ। তাই কাজে লাগাতে চাইছেন জঙ্গি সংগঠনের নেতারা। দক্ষিণ ভারতে ‘হাট’ সংগঠন রয়েছে, যাদের সরাসরি যোগ আছে পাকিস্তানে এবং পশ্চিম এশিয়ায় থাকা হ্যান্ডলারদের সঙ্গে। ফলে দক্ষিণ ভারত থেকে প্রয়োজনে লজিস্টিক সাপোর্ট পাওয়া সম্ভব। অন্যদিকে, বাংলাদেশ লাগোয়া পশ্চিমবঙ্গ এবং অসম থেকে সংগঠন করলে বাংলাদেশ থেকে ব্যাকআপ এবং প্রয়োজনে বাংলাদেশের সংগঠন এই দেশে ব্যাকআপ লজিস্টিক পাবে। এই একই পথ অনুসরণ করেছিল জেএমবি এবং আল কায়েদা উপমহাদেশ। খাগড়াগড় পরবর্তী সময়ে দেখা গিয়েছিল, বাংলাদেশ থেকে এই রাজ্যে আশ্রয় নেওয়া শীর্ষ জেএমবি নেতারা পালিয়ে গিয়েছিল দক্ষিণ ভারতে। মুর্শিদাবাদে আল কায়েদা মডিউল প্রকাশ্যে আসার পর ১১ জন গ্রেফতার হয়। এদের প্রায় সবাই পরিযায়ী শ্রমিক বলে জানা গিয়েছিল। এদের অনেকে দক্ষিণ ভারতে অনেকে আশ্রয় নিয়েছিল বলেও জানা যায়। এই পদ্ধতিতে ‘হাট’ সীমান্তবর্তী এলাকার পুরোনো ‘হুজি’ এবং ‘সিমি’র সংগঠন বা স্লিপার সেল গুলোকেই সংগঠন বিস্তারে কাজে লাগানো হচ্ছে বলে জানতে পারছেন গোয়েন্দারা।

বারবার গো-হারা! এবার খেলার ‘নিয়মই’ বদলে ফেলতে চাইছে সিপিআইএম

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ডিসেম্বরঃ ৪৭ বছরের ফর্মুলায় ‘ইতি’। বামফ্রন্টের জোট শরিকদের আসন বন্টনের ফর্মুলায় বদল আসছে। বামফ্রন্টের বৈঠকে প্রস্তাব সিপিআইএমের। তাতেই এখন জোর চর্চা বাম রাজনীতির আঙিনায়। এদিকে এর আগে উপভোটের প্রাক্কালে সিপিআইএমএলের সঙ্গে ‘জোট’ করেছিল বামফ্রন্ট। তারপর থেকেই বামফ্রন্টের নাম বদল নিয়ে জল্পনা তুঙ্গে ওঠে। যদিও বাস্তবে সেই জল্পনার কোনও প্রতিফলন এখনও পর্যন্ত দেখতে পাওয়া যায়নি। অন্যদিকে উপনির্বাচনের ছয় আসনের মধ্যে সব ক’টিতেই ভরাডুবি হয়েছে বামেদের। দাগ কাটতে পারেনি নকশালরাও। ওয়াকিবহাল মহলের ধারণা, অতীত থেকে শিক্ষা নিয়েই ছাব্বিশের ভোটে আসন বন্টনের প্রস্তুতি শুরু করে দিয়েছে বামফ্রন্ট। আলোচনার পরে স্থির হবে কে কোন আসনে লড়বে। সোমবার বামফ্রন্টের বৈঠকে আসন বদলের প্রস্তাব দিয়েছে সিপিআইএম। সোমবারের বামফ্রন্টের বৈঠকে নয়া আসন বন্টনের প্রস্তাব করেন সিপিআইএম নেতা তথা বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। সূত্রের খবর, আপত্তি না করলেও এখনই এই প্রস্তাবে চূড়ান্ত সায় দিতে নারাজ শরিকরা। তাই আরও আলোচনার পরে স্থির হবে কে কোন আসনে লড়াই করবে। ১৯৭৭ সাল থেকে ২০২৪ পর্যন্ত একটি ফর্মুলা মেনেই আসন বন্টন হত। ১৯৭৭ সালে এলাকার শক্তি অনুসারে আসন বন্টন

হয়েছিল বামফ্রন্টের মধ্যে। তারপর থেকে সেই রীতি মেনেই চলছিল কাজ। যে জায়গায়, যে অঞ্চলে যে শরিক দলের শক্তি বেশি তাঁদেরই প্রার্থী করা হত। এদিকে দীর্ঘ ৪৭ বছরে প্রতিটি এলাকারই আর্থ-সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপটে অনেক বদল হয়েছে। সাম্প্রতিককালে ভোটের মুখে দেখা দিয়েছে আসন সমঝোতা নিয়ে বামেদের শরিকি ঝামেলাও। এমতাবস্থায়, নতুন সিদ্ধান্ত কতটা বাস্তবের রূপ নেবে সেই প্রশ্ন থেকেই যাচ্ছে। বিশেষ করে ২০১১ সালের পর থেকে ক্রমেই শক্তি কমেছে বামেদের। আর বছর যত গড়িয়েছে ততই বামফ্রন্টের হ্রাস পেয়েছে। ভোট শতাংশ তলানিতে ঠেকেছে। এলাকা ভিত্তিক শরিকদের শক্তিও কমেছে। একেবারে ক্ষয়িষ্ণু হয়েছে সেই শক্তি। আবার নতুন ভাবে কংগ্রেস বা আইএসএফ কিংবা সিপিআইএমএল লিবারেশন এর সঙ্গে আসন সমঝোতা হচ্ছে বামেদের। এহেন পরিস্থিতিতে ৪৭ বছরের ফর্মুলা মেনে আসন বণ্টন হলে সমস্যা বাড়ছে বলে মত বামফ্রন্টের সবথেকে বড় শরিক সিপিএমের নেতাদের। কারণ, শরিকরা দীর্ঘদিন লড়ে আসা আসন শক্তি কমলেও ছাড়তে চায় না। তাতেই আসন সমঝোতায় সমস্যা হয়। সে কারণে ছাব্বিশের ভোটের অনেকটা আগেই এবার নতুন আসন বন্টনের ফর্মুলা সিপিআইএমের। যাতে ভোটের সময় আসন সমঝোতা নিয়ে অহেতুক দড়ি টানাটানি না হয়, সে কারণেই নয়া আসন বন্টনের ফর্মুলা সামনে আনা হচ্ছে। এমনটাই মত রাজনৈতিক বিশ্লেষকদের বড় অংশের। শক্তি না থাকলেও দীর্ঘদিন লড়ে আসার ফলে সংশ্লিষ্ট এলাকার আসন ছাড়তে চায় না শরিক দল। তাতে কংগ্রেস বা আই এস এফের সঙ্গে আসন সমঝোতায় সমস্যা হয়। সম্প্রতি হয়ে যাওয়া উপভোটেও দীর্ঘ ৪৭ বছর ধরে চলে আসা আসন বন্টনের ফর্মুলা ব্যবহার করেই ভোটে লড়েছিল বামেরা। নতুন ফর্মুলা হলে বাম শরিকদের ভাগে আসন কমবে। সঙ্গে এলাকার বদলও হবে বলে ফ্রন্ট সূত্রে খবর। এখন দেখার শেষ পর্যন্ত জল কোনদিকে গড়ায়।

বিরোধীরা সংসদে কাজ করতে দিচ্ছেন নাঃসম্বিত পাত্র

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর ঃ সংসদে হইহট্টগোলের জন্য বিরোধীদের তীব্র সমালোচনা করলেন বিজেপি সাংসদ সম্বিত পাত্র। মঙ্গলবার সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সম্বিত পাত্র বলেছেন, এটা দুর্ভাগ্যজনক যে, বিরোধীরা সংসদে কাজ করতে দিচ্ছেন না। তাঁরা মাঝে মাঝে জ্যাকেট, মাস্ক পরে আসেন, এটা মর্যাদাপূর্ণ নয়। আমার মনে হয়, তাঁরা গণতন্ত্র বুঝতে ভুল করেছে। রাহুল গান্ধী মাস্ক পরা লোকজনকে

৯২ বছরে জীবনাবসান, প্রয়াত কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী এস এম কৃষ্ণ

বেঙ্গালুরু, ১০ ডিসেম্বর ঃ প্রয়াত হয়েছেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এস এম কৃষ্ণ। মঙ্গলবার ভোররাত ২.৪৫ মিনিট নাগাদ বেঙ্গালুরুতে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন তিনি। মৃত্যুকালে বয়স হয়েছিল ৯২ বছর। দীর্ঘ দিন তিনি অসুস্থ ছিলেন বলে জানা গিয়েছে। ১৯৯৯ সালের ১১ অক্টোবর থেকে ২০০৪ সালের ২০ মে পর্যন্ত কর্ণাটকের মুখ্যমন্ত্রী ছিলেন এস এম কৃষ্ণ। মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর মেয়াদের পর, তিনি মহারাষ্ট্রের রাজ্যপালও হয়েছিলেন। এছাড়াও কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলেছিলেন এস এম কৃষ্ণ।এস এম কৃষ্ণের মৃত্যুতে কর্ণাটক বিজেপির সভাপতি বি ওয়াই বিজয়েন্দ্র বলেছেন, আমরা একজন মহান নেতা এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী এস এম কৃষ্ণকে হারিয়েছি। এটা সবচেয়ে দুঃখের বিষয়। মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী এবং রাজ্যপাল হওয়ার মতো অনেক বড় পদে কাজ করেছেন তিনি, কর্ণাটককে অনেক কিছু দিয়েছেন তিনি।কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এস এম কৃষ্ণর প্রয়াণে গভীর শোকপ্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যম এক্স-এ শোকবার্তায় প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন, এস এম কৃষ্ণ একজন অসাধারণ নেতা ছিলেন, সর্বস্তরের মানুষের কাছে তিনি প্রশংসিত ছিলেন। তিনি সর্বদা অন্যদের জীবন উন্নত করার জন্য অক্লান্ত পরিশ্রম করেছিলেন। কর্ণাটকের মুখ্যমন্ত্রী হিসাবে তাঁর কার্যকালের জন্য, বিশেষ করে পরিকাঠামোগত উন্নয়নে মনোযোগ দেওয়ার জন্য তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। এস এম কৃষ্ণ জি একজন চিন্তাবিদও ছিলেন।উল্লেখ্য, মঙ্গলবার ভোররাত ২.৪৫ মিনিট নাগাদ বেঙ্গালুরুতে নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন এস এম কৃষ্ণ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। দীর্ঘ দিন তিনি অসুস্থ ছিলেন বলে জানা গিয়েছে। ১৯৯৯ সালের ১১ অক্টোবর থেকে ২০০৪ সালের ২০ মে পর্যন্ত কর্ণাটকের মুখ্যমন্ত্রী ছিলেন এস এম কৃষ্ণ। মুখ্যমন্ত্রী হিসেবে তাঁর মেয়াদের পর, তিনি মহারাষ্ট্রের রাজ্যপালও হয়েছিলেন। এছাড়াও কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলেছিলেন এস এম কৃষ্ণ।কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এস এম কৃষ্ণর প্রয়াণে শোকের আবহ কর্ণাটকে। এস এম কৃষ্ণের মৃত্যুতে কর্ণাটক সরকার ৩ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছে। পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় বুধবার তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে। এই তিন দিন কোনও উদযাপন ও অনুষ্ঠান অনুষ্ঠিত হবে না। মঙ্গলবার বেঙ্গালুরুর বাসভবনে এস এম কৃষ্ণর মরদেহ শায়িত থাকে, সেখানেই তাঁকে শেষশ্রদ্ধা জানানো হয়।কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও প্রবীণ বিজেপি নেতা বি এস ইয়েদুরাপ্পা এদিন বলেছেন, এস এম কৃষ্ণ বেশ কয়েকটি পদে দায়িত্ব পালন করেছেন। এস এম কৃষ্ণর প্রচেষ্টার কারণে, বেঙ্গালুরু শহর একটি উন্নয়ন নগরীতে পরিণত হয়েছে। তিনি তাঁর কাজের জন্য স্মরণীয় হয়ে থাকবেন। তিনি ছিলেন একজন মহান ব্যক্তি। কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী ডি কে শিবকুমার বলেছেন, আজ বুধবার সকাল ৮টা পর্যন্ত, প্রত্যেককে বেঙ্গালুরুতে তাঁর বাসভবনে শেষ শ্রদ্ধা জানানোর অনুমতি দেওয়া হয়েছে। সকাল ৮টায় তাঁর মৃতদেহ নিজের জন্মস্থান মাদ্দুরে নিয়ে যাওয়া হবে। সাড়ে দশটায় আমরা মাদ্দুরে পৌঁছে যাব। বিকাল ৩টা পর্যন্ত সবাই শেষবারের জন্য দেখা করার সুযোগ পাবেন, বিকাল ৪টায় পারিবারিক আনুষ্ঠানিকতা ও শেষকৃত্য অনুষ্ঠিত হবে।

নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ভারত আরও শক্তিশালী পদক্ষেপ নিচ্ছেঃপ্রধানমন্ত্রী

পানিপথ, ১০ ডিসেম্বর ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোমবার হরিয়ানার পানিপথে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন। এর মধ্যে রয়েছে বীমা শক্তি যোজনাও। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল খাট্টার, নির্মলা সীতারামন এবং হরিয়ানার মুখ্যমন্ত্রী নয়াব সিং সাইনি। প্রধানমন্ত্রী মোদী এদিন বলেছেন, এখন ভারত নারীর ক্ষমতায়নের লক্ষ্যে আরও শক্তিশালী পদক্ষেপ নিচ্ছে। এই দিনটি অন্যান্য কারণেও বিশেষ। গত ৯ তারিখ, শাস্ত্রে ৯ সংখ্যাকে শুভ বলে মনে করা হয়, ৯ সংখ্যা নবদুর্গার নয় শক্তির সঙ্গে যুক্ত। গণপরিষদের প্রথম সভা অনুষ্ঠিত হয় ১৯৭১ সালের ৯ ডিসেম্বর। এখন যখন দেশ সংবিধানের ৭৫ বছর উদযাপন করছে, তখন ৯ ডিসেম্বর তারিখটি আমাদের সমতা ও উন্নয়নকে সর্বজনীন করতে অনুপ্রাণিত করে।প্রধানমন্ত্রী মোদী আরও বলেন, আমি সমগ্র দেশের স্বনির্ভর গোষ্ঠীর বোনদেরও বলব, আপনাদের ভূমিকা অসাধারণ, আপনাদের অবদান অনেক। আপনারা সবাই ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনৈতিক শক্তিতে পরিণত করতে নিযুক্ত আছেন। মোদী বলেছেন, সারা দেশে ১০ কোটি বোন স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে যুক্ত। গত ১০ বছরে, আমরা স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের জন্য ৮ লক্ষ কোটি টাকারও বেশি সহায়তা দিয়েছি।

দিনের মতো মুলতুবি সংসদ, শাসক-বিরোধী বাকযুদ্ধ চরমে

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর ঃ আদানি গোষ্ঠীর ঘুষ-কাণ্ড-সহ একাধিক ইস্যুতে বিরোধীদের তুমুল হইহট্টগোলের কারণে দিনের মতো মুলতুবি হয়ে গেল লোকসভা ও রাজ্যসভার অধিবেশন। মঙ্গলবার বেলা এগারোটা থেকে সংসদের অধিবেশন শুরু হওয়ার পর থেকেই বিভিন্ন ইস্যুতে হইহট্টগোল করেন কংগ্রেস-সহ অন্যান্য বিরোধী দলনের সাংসদরা। তুমল হইহট্টগোলের কারণে প্রথমে দুপুর পর্যন্ত লোকসভা ও রাজ্যসভার অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়। পরে অধিবেশন শুরু হলেও, একই রকম পরিস্থিতি বজায় থাকে। তাই লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দিনের মতোই মুলতুবি করে দেওয়া হয়েছে।এদিকে, সংসদের উভয় কক্ষের অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাওয়ায় শাসক-বিরোধী দলের মধ্যে বাকযুদ্ধ চরমে পৌঁছেছে। কংগ্রেস সাংসদ শশী থারুর বলেছেন, বিজেপির সদন চালানোর কোনও ইচ্ছা নেই। হতবাক হচ্ছি যে শাসক দল সদনকে ব্যাহত করছে। প্রিয়াঙ্কা গান্ধী বঢরা বলেছেন, তাঁরা (বিজেপি) আদানি ইস্যু নিয়ে আলোচনা করতে ভয় পায়। আমি সংসদে নতুন, কিন্তু এখনও পর্যন্ত প্রধানমন্ত্রীকে সংসদে দেখা যায়নি। কেন আমরা এই বিষয়টি উত্থাপন করব না?বিজেপি সাংসদ সম্বিত পাত্র বলেছেন, এটা দুর্ভাগ্যজনক যে, বিরোধীরা সংসদে কাজ করতে দিচ্ছেন না। তাঁরা মাঝে মাঝে জ্যাকেট, মাস্ক পরে আসেন, এটা মর্যাদাপূর্ণ নয়। আমার মনে হয়, তাঁরা গণতন্ত্র বুঝতে ভুল করেছে। রাহুল গান্ধী মাস্ক পরা লোকজনকে রেকর্ড করছেন, এটা দেখে অবাক হয়েছিলাম। একজন বিরোধী দলনেতার কিভাবে আচরণ করতে হয় তা জানেন না।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় ঝাড়খণ্ড বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হলেন রবীন্দ্রনাথ মাহাতো

রাঁচি, ১০ ডিসেম্বর ঃ মঙ্গলবার বিনা প্রতিদ্বন্দ্বিতায় ঝাড়খণ্ড বিধানসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হলেন রবীন্দ্রনাথ মাহাতো। ঝাড়খণ্ড বিধানসভা অধিবেশনের দ্বিতীয় দিনে রবীন্দ্রনাথ মাহাতোকে বিধানসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত করা হয়। টানা দ্বিতীয়বার তিনি ঝাড়খন্ডের অধ্যক্ষ হলেন। উল্লেখ্য, তিনি এই নিয়ে চতুর্থবার নির্বাচনে জিতে বিধানসভায় এসেছেন রবীন্দ্রনাথ মাহাতো। মঙ্গলবার সকালে বিধানসভার কার্যক্রম শুরু হতেই অধ্যক্ষ পদের জন্য রবীন্দ্রনাথ মাহাতোর নাম প্রস্তাব করেন মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। মথুরা মাহাতো এই প্রস্তাব সমর্থন করেন। পরে ধ্বনিভোটে রবীন্দ্রনাথ মাহাতোকে বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত করার ঘোষণা করা হয়।প্রসঙ্গত, সোমবারই ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন সাংবাদিকদের বলেছিলেন যে, রবীন্দ্রনাথ মাহাতোর নাম প্রস্তাব করা হচ্ছে বিধানসভার অধ্যক্ষ পদের জন্য। তিনিই সর্বসম্মতিক্রমে অধ্যক্ষ নির্বাচিত হবেন। তাতেই সিলমোহর প।লো মঙ্গলবার।

যক্ষ্মা দূরীকরণ - জাতীয় স্বাস্থ্য ক্ষেত্রে অবশ্য করণীয় জগৎপ্রকাশ নাড্ডা

নয়াদিল্লি(পিআইবি),১০ডিসেম্বরঃ দেশ থেকে যক্ষ্মা দূরীকরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সর্বাত্মক আহ্বান জানিয়েছেন। তাঁর নেতৃত্বে যক্ষ্মা চিকিৎসায় একটি নতুন ধারা গৃহীত হয়েছে এবং ভারত গত কয়েক বছরে একাধিক উদ্ভাবনীমূলক উদ্যোগের মাধ্যমে যক্ষ্মা প্রতিরোধ, নির্ণয় এবং চিকিৎসা ক্ষেত্রে আমূল পরিবর্তন ঘটিয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০২৪-এর আন্তর্জাতিক টিবি রিপোর্টেও এযাব গৃহীত উদ্যোগের কার্যকারিতার স্বীকৃতি দেওয়া হয়েছে। এতে বলা হয়েছে, ২০১৫-র তুলনায় ২০২৩-এ যক্ষ্মার ঘটনার হ্রাস হয়েছে ১৭.৭ যা আন্তর্জাতিক হারের দ্বিগুণ। শুধু তাই নয়, ২৫.১ লক্ষ রোগীর রোগ নির্ণয় হয়েছে সারা দেশে। অর্থা চিকিসা পরিষেবা দেওয়ার ক্ষেত্রেও উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটেছে দেশে। ২০১৫-য় যেখানে ছিল ৫৯, ২০২৩-এ তা বেড়ে হয়েছে ৮৫। ৭ ডিসেম্বর, প্রধানমন্ত্রীর ভাবনায় অনুপ্রাণিত হয়ে ভারত যক্ষ্মা দূরীকরণ রণকৌশলে আরও একটি রূপান্তরকারী পদক্ষেপের সাক্ষী থাকল। সরকার পাঁচকুলা থেকে নিবিড় ১০০ দিনের জাতীয় কর্মসূচির সূচনা করেছে। যেসমস্ত জেলায় যক্ষ্মা রোগীর সংখ্যা বেশি, সেই রকম ৩৪৭টি জেলাকে বেছে নেওয়া হয়েছে। এতে যক্ষ্মার বিরুদ্ধে লড়াই আরও জোরদার করা যাবে। যক্ষ্মায় আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি এমন রোগীদের দ্রুত চিহ্নিত করে এবং তাদের ঠিক সময়ে প্রয়োজন অনুযায়ী ভালো চিকিৎসা দেওয়ার সংকল্প আরও জোরদার হয়েছে এই উদ্যোগে। জনভাগীদারির প্রকৃত আদর্শ অনুসরণ করে আমরা-নির্বাচিত জনপ্রতিনিধি, স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী, সুশীল সমাজ, কর্পোরেট এবং বৃহত্তর সমাজ - সকলে মিলে এই অভিযানকে সাফল্যমণ্ডিত করেছি।রাজ্য এবং কেন্দ্রীয়শাসিত অঞ্চলগুলির অতিসক্রিয় সহযোগিতায় এই নতুন অভিযান ভারতকে যক্ষ্মা দূরীকরণের পথে আরও একটি মাইলফলক হওয়ার প্রতিশ্রুতি নিয়ে এসেছে।যক্ষ্মা দূরীকরণে ভারতের সামাজিক উদ্যোগন্ডরোগ নির্ণয়ের প্রয়াসের অতিরিক্ত হিসেবে এবং যক্ষ্মা রোগীদের সম্পূর্ণ নিরাময়ে সহায়তা করতে ভারত নিক্ষয় পোষণ যোজনা (এনপিওয়াই) নামে একটি পুষ্টিদান সহায়তা কর্মসূচি চালু করেছে। ২০১৮-র এপ্রিল থেকে এনপিওয়াই-তে প্রত্যক্ষ সুবিধা প্রদানের মাধ্যমে ১.১৬ কোটি সুবিধা প্রাপককে ৩,২৯৫ কোটি টাকা আমরা দিয়েছি। যক্ষ্মা দূরীকরণে ভারতের সংকল্প আরও দৃঢ়বদ্ধ করতে এই কর্মসূচিতে মাসিক সহায়তার পরিমাণ ৫০০ টাকা থেকে বাড়িয়ে ২০২৪-এর নভেম্বর থেকে ১,০০০ টাকা করা হয়েছে। আরও একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ - টিবি মুক্ত ভারত অভিযান পুষ্টির সমস্যা মোকাবিলায় সাহায্য করেছে শুধু তাই নয়, সামাজিক সচেতনতাও বৃদ্ধি করেছে। এই কর্মসূচিতে সচেতনতা বৃদ্ধি করতে এবং যক্ষ্মা রোগীদের পুষ্টি, পেশাগত এবং মানসিক সহায়তা দিতে গণ আন্দোলন তৈরি করার মাধ্যমে বিভিন্ন সামাজিক সংস্থাকে এক করা হয়েছে। জনভাগীদারির প্রকৃত ভাবনার ভিত্তিতে সরকার নাগরিক সম্মিলনের মাধ্যমে ১.৭৫ লক্ষ নিক্ষয় মিত্র-কে অনুপ্রাণিত করেছে দেশজুড়ে রোগীদের কাছে ২১ লক্ষ খাদ্যের বাক্স পৌঁছে দিতে।যক্ষ্মা নির্মূল করতে চালিকাশক্তির উদ্ভাবনন্ডাত কয়েক বছরে ভারতে চিকিৎসায় সাফল্যের হারের উন্নতি করতে বেডাকুইলাইন এবং ডেলাম্যানিড-এর মতো নতুন ওষুধ ব্যবহার করা হচ্ছে। যেসমস্ত রোগী ড্রাগ রেজিস্ট্যাঃট ভেরিঅ্যান্টে আক্রান্ত তাদের চিকিসার সমস্যা সমাধানে আমরা নতুন বিপ্যালএম রেজিমেনের অনুমতি দিয়েছি যা চালু রেজিমেনগুলি থেকে আরও কার্যকরী। চিরাচরিত ১৯ থেকে ২০ মাসের চিকিৎসার পাশাপাশি বিপ্যালএম-এ আরও কম সময়ে ৯ থেকে ১১ মাসের চিকিৎসার ব্যবস্থাও আছে আমাদের। অর্থা, বিপ্যালএম রেজিমেনের রোগীরা এখন মাত্র ৬ মাসেই পূর্ণ চিকিৎসা পাবেন।আমরা লাগাতার চেষ্টা করছি, যাতে তৃণমূল স্তরে আধুনিক উপকরণ পাওয়া যায়, যাতে দ্রুত সকল রোগীর রোগ নির্ণয় এবং চিকিৎসা করা সম্ভব হয়। এটি সুনিশ্চিত করতে আমরা আরও বেশি কার্যকরী এবং নিখুঁত রোগ নির্ণায়ক উপকরণ - মলিকিউলার টেস্টের ব্যবস্থা করেছি। ২০১৪-১৫ সালে যেখানে মাত্র কয়েকশো যন্ত্র ছিল, এখন আমাদের সব জেলা মিলিয়ে ৮,২৯৩টি মলিকিউলার ডায়গনস্টিক যন্ত্র আছে।বস্তুত, ‘মেন ইন ইন্ডিয়া’ উদ্যোগ থেকে অনুপ্রাণিত হয়ে দেশে তৈরি মলিকিউলার টেস্টের হাতেকলমে সমীক্ষা করে তার সূচনা করা হয়েছে। জেলা এবং ব্লকস্তরে যক্ষ্মা নির্ণয়ে সময় আমরা হ্রাস করাতে পেরেছি শুধু তাই নয়, পরীক্ষা এবং চিকিৎসার ব্যয়ও অনেকটাই কমাতে পেরেছি। আমাদের দেশজ মলিকিউলার টেস্ট বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্বীকৃতি পেয়েছে এবং বিশ্বজুড়েই তার ব্যবহার হচ্ছে। এই উদ্যোগগুলি ভারতকে আন্তর্জাতিক ক্ষেত্রে যক্ষ্মার মোকাবিলায় প্রকৃত নেতৃত্বের স্থান দিয়েছে।আমাদের আরও একটি ব্যাপারে গর্বিত হওয়া উচিত যে, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) ২০১৮ থেকে বিশ্বজুড়ে যক্ষ্মা নিয়ে গবেষণায় আর্থিক সহায়তার ক্ষেত্রে লাগাতার প্রথম স্থানে আছে। আমরা লগ্নি চালিয়ে যাবো, যাতে নতুন নতুন উপকরণ তৈরি করে কাজে লাগানো যায়, রোগ নির্ণয় করা যায় আরও কার্যকরী উপায়ে।ভবিষ্যৎ পরিকল্পনাযক্ষ্মা দূরীকরণে ভারতের যাত্রা বিভিন্ন ক্ষেত্রে উদ্ভাবনের প্রসারে তার নেতৃত্বের প্রমাণ। এরই সঙ্গে আছে দ্রুত গতিতে পরীক্ষিত প্রযুক্তিকে মানুষের কাজে লাগানো। উন্নত রোগ নির্ণয় ব্যবস্থা এবং চিকিৎসার জন্য গবেষণায় নেতৃত্বদান থেকে সর্বজনীন সামাজিক সহায়তা সংস্থানের ব্যবস্থা পর্যন্ত ভারত আন্তর্জাতিক ক্ষেত্রে যক্ষ্মা মোকাবিলায় আছে সামনের সারিতে। এখন প্রয়োজন যক্ষ্মা রোগী চিহ্নিতকরণ, রোগ নির্ণয়, চিকিৎসা এবং প্রতিরোধে বিশালাকারে জনভাগীদারি নিশ্চিত করা। নিবিড় ১০০ দিনের অভিযান যক্ষ্মা দূরীকরণে আমাদের সমবেত প্রচেষ্টার আরও একটি প্রমাণ। আমার বিশ্বাস আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সকল পক্ষের অংশগ্রহণে আমরা মানবতার এই বড় শত্রুকে পরাজিত করব এবং সকলের জন্য সুস্থ ভবিষ্য তৈরি করব।

অষ্টলক্ষ্মী মহোৎসবে উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক আয়োজিত “ক্রেতা বিক্রেতা সম্মেলন”

নয়াদিল্লি(পিআইবি),১০ডিসেম্বরঃ উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক আয়োজিত প্রাণবন্ত অষ্টলক্ষ্মী মহোসবে একটি ক্রেতা বিক্রেতা সম্মেলন-এর আয়োজন করা হয়েছে। যেখানে উত্তরপূর্বের রাজ্যগুলির ক্রেতাদের সঙ্গে দেশের বিভিন্ন অংশের বিক্রেতাদের সাক্ষা ঘটানো হচ্ছে। নতুন দিল্লির ভারত মণ্ডপমে আয়োজিত এই অনুষ্ঠানের লক্ষ্য উত্তরপূর্ব ভারতের কারুশিল্পী এবং ক্রেতাদের মধ্যে দীর্ঘমেয়াদী বাণিজ্যিক সম্পর্ক স্থাপন।ন্ডএই সম্মেলনের ফলে, উত্তরপূর্বাঞ্চলের ক্রেতা ও বিক্রেতাদের মধ্যে সরাসরি বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হবে। বিশেষ করে, বস্ত্র শিল্প, রেশম শিল্প, হস্তচালিত তাঁত ও কারুশিল্প, রত্ন, গহনা, কৃষি ও উদ্যান শিল্প এবং পর্যটন ক্ষেত্রে। এর ফলে একলপ্তে বেশি পরিমাণ বরাত পাওয়া যাবে, দীর্ঘ মেয়াদী সম্পর্ক স্থাপন হবে এবং এই অঞ্চলের অর্থনৈতিক উন্নয়নের জন্য তাক্ষণিক বাণিজ্যিক চুক্তিও হবে।উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক, নর্থইস্টার্ন হ্যান্ডিক্রাফটস অ্যান্ড হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন (এনইএইচএইচডিসি), ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স (ওএনডিসি)-এর শীর্ষ আধিকারিকরা অনুষ্ঠানে অংশ নেন।ন্ডউদ্বোধনী অধিবেশনে এনইএইচএইচডিসি-র উপদেষ্টা উত্তরপূর্বাঞ্চলের সুবিধা এবং লগ্নির সুযোগের কথা তুলে ধরেন। ওএনডিসি-র মুখ্য বাণিজ্য আধিকারিক বলেন যে, কারিগরি প্রযুক্তি ভিত্তিক উদ্যোগ ওএনডিসি-র লক্ষ্য সারা দেশে ই-কমার্সের কাজকর্ম ছড়িয়ে দেওয়া। এই উদ্যোগের ফলে ই-কমার্সের গ্রহণযোগ্যতা বাড়বে শুধু তাই নয়, সারা ভারতে স্টার্টআপ-এর বৃদ্ধি ঘটবে। ওপেন প্রোটোকলের মাধ্যমে সুলভে ই-কমার্সের ব্যবস্থা করে ওএনডিসি স্টার্টআপগুলিকে নিজের পায়ে দাঁড়ানোর উপযোগী করে তুলবে। তিনি এও বলেন, এনইএইচএইচডিসি-র সঙ্গে একযোগে ওএনডিসি উত্তরপূর্বাঞ্চলে হস্তশিল্পী, বুননশিল্পী এবং বিক্রেতাদের এক মঞ্চে এনেছে, যাতে তাদের বাজারের সঙ্গে যোগাযোগ বাড়ে। এনইএইচএইচডিসি-র এমডি মন্ত্রকের উদ্যোগের প্রশংসা করেন এবং জানান যে, এই ধরনের উদ্যোগ উত্তরপূর্বাঞ্চলের স্থানীয় পণ্যের প্রসার ঘটাতে সাহায্য করবে শুধু তাই নয়, অঞ্চলের স্থানীয় হস্তশিল্পী, বুননশিল্পী এবং বিক্রেতাদের অর্থনৈতিক সমৃদ্ধি ঘটাতেও সহায়তা করবে।মন্ত্রকের যুগ্ম সচিব বলেন, উত্তরপূর্বাঞ্চল আত্মবিশ্বাসী সমৃদ্ধির বিষয়ে। প্রয়োজন যথাযথ লগ্নি, তাহলে বিভিন্ন ক্ষেত্রে উত্তরপূর্বাঞ্চল নেতৃত্ব দিতে পারবে। তিনি জানান, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার তাদের উদ্যোগ ও কর্মসূচির মাধ্যমে ওই অঞ্চলে লগ্নির অনুকূল পরিবেশ গড়ে তুলেছে। তিনি আরও জানান, ৮টি রাজ্যই বিনিয়োগ কারীদের অভিনব সুযোগ দিচ্ছে লগ্নি করার। মন্ত্রকের পাশাপাশি উত্তরপূর্বাঞ্চলের সবকটি রাজ্য ওই অঞ্চলে লগ্নি কারকদের প্রয়োজনীয় সহায়তা দিতে

বিজেপি আদানি ইস্যু নিয়ে আলোচনা করতে ভয় পায়ঃ প্রিয়াঙ্কা গান্ধী

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর ঃ লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দিনের মতো মুলতুবি করে দেওয়ার জন্য বিজেপির তীব্র সমালোচনা করলেন কংগ্রেস সাংসদ প্রিয়াঙ্কা গান্ধী বঢরা। একইসঙ্গে প্রিয়াঙ্কা বলেছেন, বিজেপি আদানি ইস্যু নিয়ে আলোচনা করতে ভয় পায়। বিরোধীদের তুমুল হইহট্টগোলের কারণে মঙ্গলবার দিনের মতো মুলতুবি হয়ে গিয়েছে লোকসভা ও রাজ্যসভার অধিবেশন।অধিবেশন মুলতুবি হয়ে যাওয়ার পর সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রিয়াঙ্কা বলেছেন, তাঁরা (বিজেপি) আদানি ইস্যু নিয়ে আলোচনা করতে ভয় পায়। আমি সংসদে নতুন, কিন্তু এখনও পর্যন্ত প্রধানমন্ত্রীকে সংসদে দেখা যায়নি। কেন আমরা এই বিষয়টি উত্থাপন করব না?

বড় দিনের আগে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুরের চার্চ সেজে উঠছে

দক্ষিণ দিনাজপুর,১০ ডিসেম্বরঃশীতের মরসুম সাথে উৎসবের লম্বা তালিকা আর তার সাথে হাতে মাত্র আর গোনা আর কয়েকদিন আর তার আগে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর চার্চ সেজে উঠছে ২৫ ডিসেম্বর উপলক্ষে। ২৫ ডিসেম্বর খ্রিষ্টান ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসবের নাম ‘খ্রিস্টমাস’ বাংলায় একে বলা হয় ‘বড় দিন। যিশু খ্রিস্টের জন্মোৎসবকে কেন্দ্র করে এই উৎসব পালন করা হয়ে থাকে। বিশ্বের অধিকাংশ দেশেই প্রতিবছর বড়দিন পালিত হয় ২৫ ডিসেম্বর। তবে রাশিয়া, জর্জিয়া, মিশর, আর্মেনিয়া, ইউক্রেন ও সার্বিয়ার মতো কয়েকটি ইস্টার্ন ন্যাশানাল চার্চ বড়দিন পালন করে থাকে ৭ জানুয়ারি তারিখে।বড়দিন উপলক্ষে প্রতিবছরের মতো এবারও দক্ষিন দিনাজপুর জেলার গির্জাগুলো সেজে উঠেছে উৎসবের রঙে। বেশ কয়েকটি গির্জা ঘুরে দেখা গেছে, গির্জার প্রতিটি অংশে করা হয়েছে আলোকসজ্জা। লাল, নীল ও সবুজ এলইডি লাইটে ঝলমলে হয়ে উঠেছে গির্জাগুলো। তেমনি গঙ্গারামপুর শিববাড়ি মিশন চার্চও এলাকার বাড়িগুলো সেজে উঠেছে আলোর রোশনাই।চার্চের ফাদার জানান, ‘বড় দিন উপলক্ষে আমাদের প্রস্তুতি তিন-চার সপ্তাহ আগে থেকেই শুরু হয়। আমাদের দু’ধরনের প্রস্তুতি থাকে- একটি আধ্যাত্মিক ও অন্যটি বাহ্যিক। আমরা আধ্যাত্মিকটিকেই বেশি গুরুত্ব দিয়ে থাকি। তবে বাহ্যিকটাও যথাযথ গুরুত্ব পায়। সেই সঙ্গে ২৫ ডিসেম্বর প্রার্থনা গির্জাতেই হবে, আর ধর্মীয় অনুষ্ঠানগুলো পারিবারিক ও সামাজিকভাবে অনুষ্ঠিত হবে।’বড়দিন উপলক্ষে আমরা আধ্যাত্মিক প্রস্তুতি নিয়ে থাকি। আমরা প্রার্থনা করে থাকি মন্দ দূর করে মুক্তিদাতা যিশুকে হৃদয় থেকে বরণ করে নেওয়ার। এ অনুষ্ঠান সকল ধর্মাবলম্বীদের জন্যই উন্মুক্ত থাকবে। আর বাচ্চাদের জন্যও বিশেষ কোনও ব্যবস্থা থাকছে। সেই আনন্দে উৎসব, বিচিত্র অনুষ্ঠানও হবে।’ ‘২৫ ডিসেম্বর আমাদের এখানে বাংলায় এবং ইংরেজিতে আলাদা আলাদা প্রার্থনা করা হবে। ইংরেজিতে প্রার্থনা শুরু হবে সকাল ৯টায় এবং বাংলায় শুরু হবে সকাল ১১টায়। প্রার্থনা শেষে পবিত্র বাইবেল থেকে আলোচনা হবে। আমরা দেশের মঙ্গলের জন্য প্রার্থনা করি। শান্তি কামনা করে প্রার্থনা করি। আমাদের এখানকার অনুষ্ঠান সবার জন্য উন্মুক্ত। বিভিন্ন সামাজিক সংগঠনগুলোতে রয়েছে বড়দিনের বিশেষ আয়োজন। সেগুলো সবার জন্য উন্মুক্ত। অন্যদিকে, গঙ্গারামপুর শহর জুড়ে ছোট বড় দোকান গুলিতে কেক বিক্রি বেড়েছে কেক বিক্রি করতে গিয়ে হিমশিম খাচ্ছেন দোকানদারেরা। তাছাড়াও বাচ্চা দের জন্য সান্টাকল্জের জামা বিক্রি হচ্ছে চরম মাত্রায় সব মিলিয়ে ২৫ ডিসেম্বর এখন শুধু খ্রিস্টান ধর্মে সীমাবদ্ধ নই সকল ধর্মের মানুষেরা শ্রদ্ধার সাথে কেক কেটে এই দিনটি পালন করেন।

‘গ্লোবাল হিউম্যান রাইটস প্রটেকশান’ পুরস্কারে ভূষিত কলকাতার বরুন কুমার দাশ

নিজস্ব প্রতিবেদন,কলকাতাঃদ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী সময়ে মার্কিন প্রেসিডেন্ট ফ্রঙ্কলিন ডি রুসভেল্ট খুবই অনুশোচিত হয়ে পড়েছিলেন। কারণ অনেক শিশু, নারী, পুরুষ, পশুপাখি এমনকি প্রকৃতির অনেক ক্ষতি হয়েছিলো। সেই কথা মাথায় রেখেই রাষ্ট্রসঙ্ঘ ১৯৪৮ সালে ১০ই ডিসেম্বর দিনটিকে আন্তর্জাতিক মানবাধিকার দিবস হিসেবে স্বীকৃতি দেয় এবং সারা পৃথিবী জুড়ে শিক্ষার ক্ষেত্রে মানবাধিকার রক্ষায় হিউম্যান রাইটস ইন এডুকেশান চালু হয়। এই দিনটিকে স্মরন করে মানবধিকার নিয়ে উল্লেখ্যোগ্য কাজ করার জন্যে প্রতি বছর দেশের বিশিষ্ট মানুষদের পুরস্কৃত করেন নিউ দিল্লির ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ হিউম্যান রাইটস প্রতিষ্ঠান। মানবাধিকার শিক্ষার বিস্তার, বিভিন্ন আদালত ও কমিশনে মানবাধিকার রক্ষার আইনি বিষয়ে পরামর্শ এবং মামলা করে মানুষের জীবনযাত্রা রক্ষায় আইনি সহায়তার জন্য এবছর ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ হিউম্যান রাইটস এর উদ্যোগে ‘ গ্লোবাল হিউম্যান রাইটস প্রটেকশান এওয়ার্ড’ তুলে দেওয়া হল পশ্চিমবঙ্গের বিশিষ্ট মানবধিকার আইন বিশেষজ্ঞ ডঃ বরুন কুমার দাশকে। বরুনবাবু বর্তমানে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সিনিয়র অতিথি অধ্যাপক এবং কলকাতা হাইকোর্টের বিশিষ্ট আইনজীবী। তিনি মানবাধিকার বিষয়ে হিউম্যান রাইটস ল এন্ড ডোমেস্টিক ভায়োলেন্স নিয়ে একটি বই লিখেছেন যেটি ইতিমধ্যেই এলাহাবাদের সেন্টাল ল এজেন্সি প্রকাশ করেছেন। যেটা সারা দেশে বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং মানবাধিকার বিষয়ে পঠনপাঠন হয় যে সব শিক্ষা প্রতিষ্ঠানে সেখানে পড়ানো হচ্ছে। মঙ্গলবার বিশ্ব মানবধিকার দিবসের দিন দিল্লির ইন্ডিয়া ইন্টারন্যাশানাল সেন্টারে ২৪ তম বিশ্ব মানবধিকার কংগ্রেসের অনুষ্ঠানে তাকে ‘ গ্লোবাল হিউম্যান রাইটস প্রটেকশান এওয়ার্ড - ২০২৪’ তুলে দেন সংস্থার নির্দেশক ড.রাহুল রাই। পুরস্কার পেয়ে খুশি বরুন বাবু বলেন, মানবধিকার রক্ষায় তিনি দীর্ঘদিন ধরে কাজ করে চলেছেন। এই পুরস্কার তার কাজের স্বীকৃতি। এর আগেও অটল বিহারী বাজপেয়ী সহ বহু বিশিষ্ট মানুষকে সম্মানিত করেছে এই প্রতিষ্ঠান। সেই প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাকে যে সম্মান দেওয়া হল তাতে তিনি আরো বেশি মানুষের জন্যে, মানুষের অধিকার রক্ষায় কাজ করে যাওয়ার উৎসাহ পাবেন বলে জানান বরুন বাবু।

বড় ঘোষণা কেজরিওয়ালের, দিল্লির অটো চালকদের জন্য একগুচ্ছ খুশির বার্তা

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর ঃ দিল্লির অটো চালকদের জন্য ব। ঘোষণা করলেন দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির জাতীয় আহ্বায়ক অরবিঃদ কেজরিওয়াল। মঙ্গলবার কেজরিওয়াল ঘোষণা করেছেন, আমি অটো চালকদের জন্য ৫টি বিষয় ঘোষণা করছি, যা আমরা ফেব্রুয়ারিতে আবারও দিল্লিতে ক্ষমতায় আসার পরে কার্যকর করব। প্রথমেই একজন অটোচালকের মেয়ের বিয়েতে এক লক্ষ টাকা দেব। কেজরিওয়াল আরও বলেন, দীপাবলি এবং হোলিতে অটো চালকদের ইউনিফর্ম তৈরি করার জন্য প্রত্যেককে ২৫০০ টাকা দেওয়া হবে। আমরা প্রতিটি অটো-চালককে ১০ লক্ষ টাকা জীবন বিমা এবং ৫ লক্ষ টাকার দুর্ঘটনা বিমা দেব। অটো চালকদের সন্তানদের প্রতিযোগিতামূলক পরীক্ষার পড়াশোনার জন্য সরকার অর্থ দেবে।

আবহাওয়া

অবশেষে সুখবর শোনালো আলিপুর আবহাওয়ার দফতর। ১১ ডিসেম্বর, বুধবার থেকেই পারদ-পতনের সম্ভাবনা রয়েছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। বুধবারের পর থেকেই ধীরে ধীরে নামবে তাপমাত্রার পারদ। দার্জিলিঙে আগামী কয়েক দিন আবার তুষারপাতের সম্ভাবনা রয়েছে।সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৫ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.৯ ডিগ্রি কম।। ।জোয়ার-সকাল ৯ টা ৫০ মিনিট এবং রাত ০৭টা ৫০ মিনিট। ভাটা-সকাল ৭ টা৫০মনিট এবং রাত ২ টা ৫০মিনিট। সূর্য্যঃউদয় সকাল ৬টা ০৫ মিনিট এবং অস্ত ৪টা ৫০মিনিট

পূর্ণাঙ্গ পাঞ্জিকা

২৪ অগ্রহায়ন ১৪৩১ বঙ্গাব্দ, মঙ্গলবার, ইংরেজীঃ১০ ডিসেম্বর ২০২৪, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ ৫১২৫, সৌরঃ২৫ অগ্রহায়ন, চান্দ্রঃ ১০ নারায়ন মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্ব, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২৫ অগ্রহায়ন ১৪৩১, ভারতীয় সিভিলঃ১৯ অগ্রহায়ন ১৯৪৬, মৈতৈঃ১০ পোইনু, আসামঃ২৪ অঘোন, মুসলিমঃ৮-জমাদিউ স-সানি-১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৬ঃ০৮ঃ২৮ এবং অস্তঃবিকাল ০৪ঃ ৫০ঃ০০।চন্দ্র উদয়ঃসকাল ১২ঃ৪৮ঃ ৩০(১০) এবং অস্তঃশেষ রাত্রি ০১ঃ ৩৪ঃ১৬(১০)।শুক্ল পক্ষ ।তিথিঃ দশমী (পূর্ণা) শেষ রাত্রি ঘ ০১ঃ০৮ঃ ৪৩ দং ৪৭২৮৫০ পর্যন্তনক্ষত্রঃ উত্তরভাদ্রপদ সকাল ঘ ১১ঃ৪৫ঃ৫৬ দং ১৪৩২৫ পর্যন্ত পরে রেবতী কাল ঘ ১০ঃ০৫ঃ২৯ দং ৯৫০৪৫ পর্যন্ত পরে অশ্বিনীকরণঃতৈতিল বিকাল ঘ ০২ঃ১৯ঃ৩৯ দং ২০২৭৪২.৫ পর্যন্ত পরে গর শেষ রাত্রি ঘ ০১ঃ ০৮ঃ৪৩ দং ৪৭২৮৫০ পর্যন্ত পরে বণিজযোগঃব্যতীপাত রাত্রিঃ০৯ঃ ০১ঃ০২ দং ৩৭১১১০ পর্যন্ত পরে বরীয়ানঅমৃতযোগঃদিন ০৬ঃ০৮ঃ ৩৪ থেকে - ০৬ঃ৫১ঃ২০ পর্যন্ত, তারপর ০৭ঃ৩৪ঃ০৬ থেকে - ১১ঃ ০৭ঃ৫৭ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৯ঃ ৪৭ থেকে - ০৮ঃ২৩ঃ০১ পর্যন্ত, তারপর ০৯ঃ১৬ঃ১৫ থেকে - ১১ঃ ৫৫ঃ৫৭ পর্যন্ত, তারপর ০১ঃ৪২ঃ ২৪ থেকে - ০৩ঃ২৮ঃ৫২ পর্যন্ত, তারপর ০৫ঃ১৫ঃ২০ থেকে - ০৬ঃ ০৮ঃ৩৪ পর্যন্ত।মহেন্দ্রযোগঃরাত্রি ০৪ঃ৫০ঃ০৫ থেকে - ০৭ঃ২৯ঃ৪৭ পর্যন্ত।কুলিকবেলাঃদিন ১২ঃ৩৩ঃ ২৯ থেকে - ০১ঃ১৬ঃ১৫ পর্যন্ত। কুলিকরাত্রিঃ১১ঃ৫৫ঃ৫৭ থেকে - ১২ঃ৪৯ঃ১০ পর্যন্ত।বারবেলাঃদিন ০৭ঃ২৮ঃ৪৫ থেকে - ০৮ঃ৪৮ঃ৫৭ পর্যন্ত। কালবেলাঃদিন ১২ঃ৪৯ঃ৩১ থেকে - ০২ঃ০৯ঃ৪৩ পর্যন্ত। কালরাত্রিঃ০৬ঃ২৯ঃ৫৪ থেকে - ০৮ঃ০৯ঃ৪৩ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ৭২৪৪৮১৭ (১৮) ৩ পদচন্দ্রঃ ১১২৬৪৬১৬ (২৭) ৪ পদমঙ্গলঃ৩১০৪৮৩০ (৮) ৩ পদবুধঃ৭১০৩৭১১ (১৭) ৩ পদবৃহস্পতিঃ১২২৪১৫২ (৪) ৪ পদশুক্রঃ৯১৯২২৯ (২১) ৪ পদশনিঃ ১০১৫৫৩১৫ (২৪) ৩ পদরাহুঃ ১১১০৪১৪৬ (২৬) ৩ পদকেতুঃ ৫১০৪১৪৬ (১৩) ১ পদবুধ বক্রিঃবৃহস্পতি বক্রি।লগ্নঃবৃশ্চিক রাশি সকাল ০৬ঃ৩৫ঃ২৫ পর্যন্ত। ধনু রাশি সকাল ০৮ঃ৪০ঃ৪৩ পর্যন্ত। মকর রাশি সকাল ১০ঃ২৭ঃ৩৭ পর্যন্ত। কুম্ভ রাশি সকাল ১২ঃ০১ঃ ০০ পর্যন্ত। মীন রাশি দুপুর ০১ঃ৩২ঃ ০৪ পর্যন্ত। মেষ রাশি দুপুর ০৩ঃ১২ঃ ৩৯ পর্যন্ত। বৃষ রাশি বিকাল ০৫ঃ ১১ঃ০১ পর্যন্ত। মিথুন রাশি বিকাল ০৭ঃ২৪ঃ২০ পর্যন্ত। কর্কট রাশি রাত্র ০৯ঃ৪০ঃ০৪ পর্যন্ত। সিংহ রাশি রাত্র ১১ঃ৫১ঃ২৪ পর্যন্ত। কন্যা রাশি শেষ রাত্রি ০২ঃ০১ঃ৩৫ পর্যন্ত। তুলা রাশি শেষ রাত্রি ০৪ঃ১৫ঃ৪৬ পর্যন্ত।

চুরির ৯ ঘন্টার মধ্যে গৃহস্থের চুরির সামগ্রী উদ্ধার করলো ঝাঁখালি কোস্টাল থানার পুলিশ, ধৃত এক

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ১০ ডিসেম্বর ঃ বারুইপুর পুলিশ জেলার ঝাখালি থানার সাফল্য এবার। চুরি যাওয়ার কয়েক ঘন্টার মধ্যে উদ্ধার চুরি যাওয়া গৃহস্থের মালপত্র। পুলিশ সূত্রে জানা গেল, সোমবার ঝড়খালি কোস্টাল থানার অন্তর্গত সেকেন্ড স্কিম এলাকার বিধান মিস্ত্রি নামে একজনের বাড়িতে সোনার জিনিসপত্র, পিতলের বাসনপত্র ও কিছু রুপোর জিনিস চুরি হয়ে যায়। চুরির ঘটনার পরে উক্ত ব্যক্তির অভিযোগ দায়েরের সাথে সাথেই ঝড়খালি কোস্টাল থানায় একটি মামলা দায়ের করা হয়। এবং ঝড়খালি কোস্টাল থানার ওসি এস আই সনাতন কর্মকার এর নেতৃত্বে এএসআই উপল ঘোষ,এএসআই সুমিত গায়েন ও সিভিক্স অভিজিৎ মন্ডল কে নিয়ে একটি দল গঠন করে এই ঘটনার তদন্ত শুরু করা হয়। কেস শুরু হওয়ার ৯ ঘন্টার মধ্যে আসামিকে শনাক্ত করে তাকে জিজ্ঞাসাবাদ করে চুরি হওয়া অনেক মালপত্র আসামির কাছ থেকে উদ্ধার করা হয়। এই ঘটনায় রাহুল বিশ্বাস নামে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতের বাড়ি ঝাখালি কোস্টাল থানার সেকেন্ড স্কিম এলাকায়। ধৃতকে মঙ্গলবার আদালতে পাঠানো হয়।

আর জি কর, তদন্তের অগ্রগতি জানিয়ে সুপ্রিম কোর্টে রিপোর্ট জমা সিবিআইয়ের

নয়াদিল্লি, ১০ ডিসেম্বর ঃ সিবিআইয়ের আইনজীবী তথা কেন্দ্রের অতিরিক্ত সলিসিটার জেনারেল তুষার মেহতা আর জি কর হাসপাতাল কান্ডে তদন্তের অগ্রগতি রিপোর্ট জমা দিলেন শীর্ষ আদালতে। এটি আর জি কর-তদন্তে সুপ্রিম কোর্টে জমা দেওয়া সিবিআইয়ের সপ্তম রিপোর্ট। প্রায় এক মাস পরে মঙ্গলবার আর জি কর মামলার শুনানি ছিল সুপ্রিম কোর্টে। গত ৭ নভেম্বর শীর্ষ আদালতে এই মামলাটির শুনানি হয়েছিল। মঙ্গলবার বেলায় প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে শুনানি হয়। প্রধান বিচারপতি হিসাবে এই প্রথম মামলাটি শোনেন বিচারপতি খান্না। গত শুনানিতে শীর্ষ আদালতে আর জি কর খুন-ধর্ষণ এবং আর্থিক দুর্নীতির মামলায় তদন্তের রিপোর্ট জমা দিয়েছিল সিবিআই। সেটি ছিল তদন্তের ষষ্ঠ রিপোর্ট। সিবিআইকে আবার তদন্তের অগ্রগতি রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। সেই মতো মঙ্গলবার তদন্তের সপ্তম রিপোর্ট জমা দেয় কেন্দ্রীয় ওই তদন্তকারী সংস্থা। অন্য দিকে, ন্যাশনাল টাস্ক ফোর্সের সুপারিশ সব রাজ্যকে পাঠাতে বলেছিল সুপ্রিম কোর্ট। তা নিয়ে রাজ্যের মুখ্যসচিবেরা মতামত জানাতে পারবেন।

পুর এলাকায় সম্পত্তিকর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে পুরোপুরি স্বচ্ছতা আনতে উদ্যোগী হচ্ছে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ডিসেম্বর ঃ রাজ্যে পুর এলাকায় সম্পত্তিকর নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে পুরোপুরি স্বচ্ছতা আনতে রাজ্য সরকার উদ্যোগী হচ্ছে। এই উদ্দেশ্যে ১৯৯৩ এর রাজ্য পুর আইন এবং ২০০৬-এর পুর নিগম আইনের দু'টি সংশোধনী আজ রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। এই সংশোধনের ফলে শহর মফস্বল এলাকায় সম্পত্তিকর নির্ধারণ প্রক্রিয়া অনেক বিজ্ঞানসম্মত ও প্রযুক্তি নির্ভর হয়ে উঠবে বলে সরকার পক্ষের দাবি। বিল দুটির উপর আলোচনা শেষে জবাবী ভাষণে পুর মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, এই ব্যবস্থা রাজ্যের বাকি পুরসভা এলাকায় কলকাতার ধাচে ইউনিট এরিয়া অ্যাসেসমেন্ট চালু করার প্রথম ধাপ। সংশোধনীতে পুরনিগম, পুরসভা ও শিল্পনিগমগুলিতে সম্পত্তির মূল্য প্রতি পাঁচ বছর অন্তর ১০ শতাংশ হারে বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে। তবে সম্পত্তির মূল্যমান কমলে

একইভাবে তারা কর ছাড়ের ও সুযোগ পাবেন বলে মন্ত্রী জানান। আয়করের মত করদাতা নিজেই নিজের সম্পত্তির স্ব-মূল্যায়ন করতে পারবেন এবং কর দিতে পারবেন। তবে কোনও ব্যক্তি যদি নির্দিষ্ট সময়ে তার সম্পত্তির সেলফ-অ্যাসেসমেন্ট না করেন অথবা তথ্য গোপন করেন, তা হলে সেই ব্যক্তি পরিকল্পিত ভাবে এই কাজ করেছেন বলে চিহ্নিত করা হবে। এর জন্য তাঁকে নির্ধারিত করের সাপেক্ষে সর্বোচ্চ ৩০ শতাংশ হারে জরিমানা দিতে হবে। পুরনিগম, পুরসভা ও শিল্পনগরী সর্বত্র এই নিয়ম বলব হবে। মন্ত্রী জানান, রাজ্যের সমস্ত পুর এলাকায় সম্পত্তির মূল্য নির্ধারণ করার জন্য ভ্যালুয়েশন বোর্ড আছে। এই বোর্ড পাঁচ বছর অন্তর সম্পত্তির মূল্য নির্ধারণ করে। তার ভিত্তিতে সংশ্লিষ্ট পুরসভা সম্পত্তি কর ধার্য করে। এই জোড়া সংশোধনী বিল অনুযায়ী যদি ভ্যালুয়েশন বোর্ড পাঁচ বছর অন্তর কোনও কারণে ভ্যালুয়েশন করতে না পারে সে ক্ষেত্রে পূর্ববর্তী ভ্যালুয়েশনের ১০ শতাংশ হারে সম্পত্তি মূল্য বৃদ্ধি পাবে।

চরম বিশৃঙ্খলা দেব এর মুভি খাদান এর প্রমোশনের অনুষ্ঠানে

দুরন্ত বার্তা, কলকাতা, ১০ ডিসেম্বর ঃ স্টার মলে বাংলাছবির খাদান এর প্রমোশনে দেব আসার কথা,এই কথা প্রচার হতে জন সমুদ্র স্টার মল চত্তর সহ ৩৪ নম্বর জাতীয় সড়ক,চরম বিশৃঙ্খলা দেব না আসার আগেই,আদেও দেব আসবে কি না এই পরিস্থিতিতে তা নিয়ে বড় প্রশ্ন! সবরকম ভাবে পরিকল্পনায় ব্যার্থ আয়োজকরা। একসময় পুলিশের সাথে রীতিমতো ঠেলাঠেলি শুরু হয়,যেকোন মুহুর্তে দুর্ঘটনা ঘটতে পারে। বিশাল পুলিশ বাহিনী, মধ্যমগ্রাম ট্রাফিক, মধ্যমগ্রাম থানার পুলিশ আধিকারিকরা উপস্থিত থাকলেও কোনভাবেই জণ সুনামী কন্ট্রোল করতে ব্যার্থ। দেব দর্শন করতে হলে শান্ত থাকতে হবে। এই কথা বলেও কোনভাবে শান্ত রাখতে পারেনি। বিকেল ৫টায় আসার কথা থাকলেও একঘন্টা অতিক্রম মানুষের জনস্রোত কন্ট্রোল করতে সম্পুর্ন ব্যার্থ আয়োজকরা। এমকি বিভিন্ন সংবাদমাধ্যম থেকে আসা কর্মীদেরও আয়োজকরা কড়া হুশিয়ারি তে বলা হয়,তারা যেন ব্যারিকেড ওপারে দর্শকদের মধ্যে থাকতে হবে। একটা সময়ে এসে কলকাতাগামী রাস্তা সম্পুর্ন বন্ধ করে এক পাস দিয়ে চলে যান চলাচল। মঞ্চ থেকে কোন এক সময়ে এসে বলতে শোনা গেলো আজকের এই প্রমোশন অনুষ্ঠান বন্ধ করতে চলেছে কর্তৃপক্ষ। বিশৃঙ্খলা এমন চরমে পৌছায় যে পরবর্তী বারাসত পুলিশ জেলার আধিকারিক এসে পৌছায়। বিশাল পুলিশ বাহিনী র‍্যাফ,সবরকম ব্যবস্থা নেওয়া হলেও অনুষ্ঠান অনুষ্ঠিত করবার সবরকম পরিকল্পনা ব্যার্থ হয় আয়োজক সংস্থা ভিশান এন্টারটেইনমেন্ট। কি হবে, আদেও কি দেব আসতে পারবে কি না তা সম্পুর্ন অনিশ্চয়তা। পুলিশ সূত্রে খবর এই আয়োজক সংস্থা আলাদা ভাবে কোন অনুমতি বা পরিকল্পনা সেয়ার করেনি। মধ্যমগ্রাম থানায় একটা ইনফরমেশন দিয়েই তারা এত বড় একটা ইভেন্ট শুরু করে দেয়। দেব আসবে কি না সেই অপেক্ষায় হাজার হাজার মানুষ,কখন দেব কে দেখবে অপেক্ষা,আর জাতীয় সড়ক একদিক বন্ধ এই চিত্রই সর্বত্রই।

ফের ঊর্ধ্বমুখী কলকাতার তাপমাত্রা, হালকা শীতেই সন্তুষ্টি দক্ষিণবঙ্গে

কলকাতা, ১০ ডিসেম্বর ঃ মহানগরী কলকাতায় জাঁকিয়ে শীত পড়া এখন শুধুই সময়ের অপেক্ষা। মঙ্গলবার সকাল থেকেই আংশিক মেঘলা আকাশ, সর্বনিম্ন তাপমাত্রা বৃদ্ধি পেয়ে পৌঁছেছে ১৮.২ ডিগ্রিতে। ফলে শীতের পরশ থাকলেও, জাঁকিয়ে ঠান্ডা এখনও অনুভূত হয়নি কলকাতায়। তবে জোরালো শীতের প্রত্যাশা অবশ্য রয়েছে। চলতি সপ্তাহের শেষেই কলকাতার তাপমাত্রা আরও ২-৩ ডিগ্রি কম হতে পারে। চলতি সপ্তাহের শেষে তাপমাত্রা কমার সম্ভাবনা থাকলেও, আগামী ২৪ ঘণ্টায় বিশেষ তারতম্য হবে না। অর্থা আগামী দুই থেকে তিন দিন কলকাতা-সহ দক্ষিণবঙ্গে সামান্য কিছুটা তাপমাত্রা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। তারপর শুক্র-শনিবারে গিয়ে একধাক্কায় কলকাতায় কমবে তাপমাত্রা। উত্তরবঙ্গে ঘন কুয়াশার সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। কুয়াশার কারণে সকালের দিকে দৃশ্যমানতা অনেকটা কমে যেতে পারে। দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কালিম্পং, আলিপুরদুয়ার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর এবং মালদায় কুয়াশার কারণে দৃশ্যমানতা কমে যেতে পারে। আবার দক্ষিণবঙ্গের কিছু জেলাতেও কুয়াশার সম্ভাবনা রয়েছে। মঙ্গলবার সকালের ঘন কুয়াশার পরিবেষ্টিত ছিল বীরভূমের সাঁইথিয়া এলাকা।

ভুয়ো কলসেন্টারে হানা দিলেন লালবাজারের গোয়েন্দরা, ধৃত ১৯

কলকাতা, ১০ ডিসেম্বর ঃ গোপন সূত্রে খবর পেয়ে সোমবার রাতে ভুয়ো কলসেন্টারে হানা দিলেন লালবাজারের গোয়েন্দরা। গুন্ডাদমন শাখা অভিযান চালায় বালিগঞ্জ এলাকায়। তাতে ধরা পড়েন ১৯ জন। একটি ফ্ল্যাটে বসে এসব বেআইনি কাজকর্ম চলছিল। সেখান থেকে প্রচুর মোবাইল, ল্যাপটপ ও অন্যান্য ইলেকট্রনিক্স সামগ্রী উদ্ধারের পর ফ্ল্যাটটি সিল করে দিয়েছে পুলিশ। এই চক্রের নেপথ্যে মূল চক্রী কে, তা জানতে মরিয়া তদন্তকারীরা। পুলিশ সূত্রে খবর, বালিগঞ্জের মুলেন রোডে একটি ফ্ল্যাটে বেশ কয়েকদিন ধরেই চলছিল এই বেআইনি কল সেন্টার। কীভাবে চলত প্রতারণা চক্র? তাও জানিয়েছে পুলিশ। নরটন অ্যান্টি ভাইরাস ইনস্টল করার প্রলোভন দেখানো হত প্রযুক্তির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ক্রেতাদের। চক্রের মূল টার্গেট ছিলেন মার্কিন নাগরিকরা। কম্পিউটার বা ল্যাপটপে সফটওয়্যার ইনস্টল করার নামে মেশিন হ্যাক করে তথ্য চুরির পর ক্রেতাদের শতাধিক ডলারের গিফট কুপন কিনতে বাধ্য করা হতো। সেই অর্থ যেত চক্রের মূল পান্ডার অ্যাকাউন্টে। এভাবেই নিজেদের ব্যাঙ্ক ব্যালেন্স বাড়িয়ে চলছিল প্রতারকরা।

টিম স্পিরিট বাড়াতে সিটি পুলিশ পরিবারে ক্যারাম প্রতিযোগিতার আসর

দুরন্ত বার্তা, হাওড়া, ১০ ডিসেম্বর ঃ কাজের প্রেসার এবং ধকল কাটিয়ে টিম স্পিরিট বাড়াতে এবার সিটি পুলিশ পরিবারে আয়োজিত হতে চলেছে ক্যারাম প্রতিযোগিতা। প্রতিযোগিতায় জয়ী হলে মিলবে পুরস্কারও। মূলত চাকরিতে একটানা ডিউটির ক্লান্তি দূর করতে এবং পুলিশ ফোর্সে টিম স্পিরিট বাড়াতেই এবার পুলিশ কর্মী এবং তাঁদের পরিবারের সদস্যদের নিয়ে এই অভিনব ক্যারাম প্রতিযোগিতার আয়োজন করতে চলেছে হাওড়া সিটি পুলিশ। এই প্রথমবার এমন উদ্যোগ বলে জানা গেছে। আগামী ১২ই ডিসেম্বর থেকে শুরু হবে এই ক্যারাম প্রতিযোগিতা। হাওড়া সিটি পুলিশের প্রতিটি ইউনিটের প্রতিটি ডিভিশন নিয়ে হবে এই প্রতিযোগিতা। প্রাথমিকভাবে জানা গেছে, ১৬ই ডিসেম্বর পর্যন্ত চলবে এই প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় শুধু পুলিশকর্মীরাই অংশগ্রহণ করবেন তা নয়, এই প্রতিযোগিতার পুলিশের পরিবারের সদস্যরাও অংশগ্রহণ করতে পারবেন। পুলিশ কর্মীরা সারা বছর ধরে কঠোর শিডিউল মেনে কাজ করেন। এই কারণে পুলিশের মনোবল বাড়াতে এবং কাজের চাপ ও ক্লান্তি দূর করতে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এর মাধ্যমে টিম স্পিরিট আসবে বলে পুলিশ কর্তাদের দাবি।

প্রতিবাদী গৃহ বধূকে মেরে হাত ভেঙে দেওয়ার অভিযোগ উঠলো অন্য এক প্রতিবেশীর বিরুদ্ধে

দুরন্ত বার্তা, হুগলি, ১০ ডিসেম্বর ঃ বাড়ির পাশেই মাচা তৈরি করে চলতো মদের আসর,বার বার প্রতিবাদে সরব হন এলাকার এক গৃহ বধূ। প্রতিবাদের আক্রোশ মেটাতে প্রতিবাদী গৃহ বধূর মেরে হাত ভেঙে দেওয়ার অভিযোগ উঠলো প্রতিবেশী বাপ ছেলের বিরুদ্ধে।ঘটনা হুগলির হরিপাল থানার বাহিরখন্ড পঞ্চায়েতের জীগরা এলাকার। আক্রান্ত গৃহ বধূর নাম কবিতা দাস তার স্বামী ছোটন দাস কেও বেধড়ক মারধোর করা হয়েছে বলে অভিযোগ। ইতি মধ্যেই প্রতিবেশী আব্দুল শামীম ও তার বাবা আব্দুল শহীদ সহ মোট চার জনের নামে হরিপাল থানায় অভিযোগ দায়ের করেছেন আক্রান্ত গৃহবধূ ও তার পরিবার। কবিতা দাসের অভিযোগ তার বাড়ির পাশেই একটি মাচা তৈরি করে সেখানে মদ সহ অন্যান্ন নেশার আসর বসতো নিত্যদিন। নেশার আসর থেকে অকথ্য ভাষায় তাদের গালিগালাজ করা হতো এমনকি ওই রাস্তা দিয়ে মহিলারা যাতায়াত করলে তাদের উদ্দেশ্যেও কুটুক্তি করা হতো মদের আসর থেকে। অভিযুক্ত আব্দুল শামীম তার বন্ধু বান্ধব দের নিয়ে ওই এলাকায় নেশার আসর বসতো নিত্যদিন। কবিতা দাসের দাবি এই নিয়ে বার বার প্রতিবাদ করতেন এমনকি এলাকার নেতা নেত্রী থেকে স্থানীয় পঞ্চায়েতে বার বার জানিয়েও কোনো ফল পাননি।

পার্কিং চুক্তির জন্য ই-নিলাম বিজ্ঞপ্তি

ভারতের রাষ্ট্রপতির জন্যে ও তরফে, সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, দক্ষিণ পূর্ব রেলওয়ে, আদ্রা-৭২৩১২১ নিম্নলিখিত টেন্ডারের আমন্ত্রণ জানিয়েছেন: **ই-নিলাম বিজ্ঞপ্তি নং: সিওএমএমএল.-১/পার্কিং/১২/২৪; ক্যাটাগরি:** পার্কিং; **নিলাম ক্যাটালগ নং:** পার্ক৭১; **লট নং./ক্যাটাগরি:** পার্কিং-আদ্রা-বিকিউএ-এমএক্স-৩০-২৪-১ (পার্কিং-মিক্সড); **নিলাম শুরু (সমস্ত লট): ২৩.১২.২০২৪ তারিখে ১২:০০ টা; নিলাম বন্ধের তারিখ/সময়: ২৩.১২.২০২৪ তারিখে ১২:৩০ টা; দ্রষ্টব্য:** সম্ভাব্য দরদাতাদের আইআরইপিএস ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ ই-নিলাম লিজিং মডিউল দেখার জন্য অনুরোধ করা হচ্ছে। অনুসন্ধান/স্পষ্টীকরণের জন্য, যদি কিছু থাকে, অনুগ্রহ করে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করুন।

(PR-884) **সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, আদ্রা**

দক্ষিণ পূর্ব রেলওয়ে
প্রসন্নচিত্তে রেল পরিষেবা

ষ্টোরস ই-প্রকিউরমেন্ট

ই- প্রকিউরমেন্ট টেণ্ডার নোটিস নং. এস/২৮/২০২৪-২৫ তারিখঃ ০৬-১২-২০২৪। নিম্নলিখিত কাজের হেতু নিম্নস্বাক্ষরকারি ই-টেণ্ডার আহ্বান করছেঃ

ক্রমিক সংখ্যা. ১। টেণ্ডার সংখ্যা. ৭০/২৪/০৮৯১/ওটি/২৩৪/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৩-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ আরডিএসও সেম্পল নং. এএলএনএসি-০৩ অনুসারে ভিনাইল কোটেড ফেব্রিক, ১২৭/১৩২ সেন্টিমিটার প্রস্থের, শেডস এবং পেটার্ণ (নীলা রঙের)। আগষ্ট/২০১৬ এর সংশোধনী নং-৫ সহিত স্পেসিফিকেশন, এমএটি স্পেসিফিকেশন-আরডিএসও স্পেসিফিকেশন নং. আরডিএসও/২০০৮/সিজি-০৭ অনুসারে। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৪৮ মাস] (১) পরিমাণ- ডিব্রুগড় টাউন/ওয়ার্কশপ/ডিপো, এনএফআর (অসম), এর জন্যে ৫০০০০.০০ মিটার। (২) পরিমাণ- নিউ বঙ্গাইগাঁও/ওয়ার্কশপ/ডিপো, এনএফআর (অসম) এর জন্যে ৪৩০০০.০০ মিটার। (৩) পাণ্ডু/জিএসডি এনএফআর (অসম) এর জন্যে ২০০০.০০ মিটার, পি.এল. সংখ্যা.- ৭৫৪০১৭০৮।

ক্রমিক সংখ্যা. ২। টেণ্ডার সংখ্যা. ৬১/২৪/৫৪৬৯/ওটি/২৩৫/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৩-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ আরডিএসও ডিআরজি নং. টি-৪২১৮ পর্যন্ত ৬০ কেজি পিএসসি শ্লীপারের ওপরে ১২ এ ১ টার্ণ আউটের জন্যে নাইলন রিইনফোর্সড গ্রুভড রাবার সোল প্লেটস ৬ এমএম ঘনত্বের জন্যে প্রস্তুতকরণ এবং যোগান, রেইলের নিচে স্থাপন করার জন্যে রেইল প্যাডের হেতু আইআরএস স্পেসিফিকেশন অনুসারে, এসএল. টি-৫৫-২০২৩। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৩০ মাস] (পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহঃ ০)। পরিমাণ- এসএসই/পি.ওয়ে/টিডি/বঙ্গাইগাঁও, এনএফআর (অসম) এর জন্যে ৬০৫ সেট, পি.এল. সংখ্যা.- ৬০২৫৯০৬৯২১৯০।

ক্রমিক সংখ্যা. ৩। টেণ্ডার সংখ্যা. ৬১/২৪/৫৪১৫/ওটি/২৩৬/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৬-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ ৮.৫ শ্লীপারে ৬০ কেজি ১, টি-৪৮৬৫। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৩০ মাস] (পরিদর্শন সংস্থা: সিওএনএসজি, পর্যায় আইএনএসপি: প্রযোজ্য হবে না, পর্যায়সমূহঃ ০) (১) পরিমাণঃ জ্যেষ্ঠ ডিইএন/সি/কাটিহার, এনএফআর (বিহার) এর জন্যে ২৮ সেট, ২) পরিমাণ-জ্যেষ্ঠ ডিইএন/সি/লামডিং, এনএফআর (অসম) এর জন্যে ২ সেট, ৩) পরিমাণঃ ডিইএন/গুয়াহাটি, এনএফআর (অসম) এর জন্যে ১১ সেট, ৪) পরিমাণ-ডিআরএম/ডব্লিউ/তিনসুকিয়া, এনএফআর (অসম) এর জন্যে ৩ সেট, (৫) পরিমাণ-সিএইচ. ওএস/জি/ইএনজিজি/রঙ্গিয়া, এনএফআর (অসম) এর জন্যে ১ সেট, পিএল নং- ৬০০৩০১৩৫০০১৮।

ক্রমিক সংখ্যা. ৪। টেণ্ডার সংখ্যা. ৬০/২৪/৫০২৭/ওটি/২৩৭/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৬-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ (১) ডাক প্র পত্রের পার্ট -II র অনুসূচী - ১ অনুসারে ডাবল গার্ডার ধরণের গ্যান্ট্রী ক্রেন ২০ টন ক্ষমতাসম্পন্নের জন্যে ব্যয় (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ২৪ মাস] (পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহঃ ০)। পরিমাণ- এসএসই/ডব্লিউএস/তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১ টি। পি.এল. সংখ্যা.-৯০৯০০২৮৩০০২৪। ২) সূচী - । এ নির্ধারিত করা অনুসারে ডিএসএলের দৈর্ঘ্য এবং প্রতি টাইপ অনুসারে আবশ্যক ডিএসএল (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ২৪ মাস] [পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি.: নেই, পর্যায়সমূহ: ০], পরিমাণঃ এসএসই / ডব্লিউএস / তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১টি, পি.এল. সংখ্যা. ৯০৯০০২৮৩। ৩) সূচী -১ এ নির্ধারিত করা অনুসারে অতিরিক্ত সমস্ত স্পেয়ার্স এবং আইটেমস যেমন, শ্লিংস/লিফটিং ট্যাকলস/ওয়ার রোপস/চেইন আদি, ক্রমিক নং. ২০.১ (ক্রমিক নং. ১, ২, ৩, ৪ এবং ৫) (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ২৪ মাস] [পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহ: 0] পরিমাণঃ এসএসই/ডব্লিউএস/তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১ টি, পিএল. নং- ৯০৯০০২৮৬। ৪) সূচী-IV অনুসারে সমগ্র রক্ষণাবেক্ষণ স্পেয়ারের ব্যয় (যিহেতু এটি ভিডব্লিউএফ ড্রাইভ ক্রেন হয় আইটেম নং. ৩, ৪, ৫, ৬ ছাড়া, সূচী-IV এ উল্লেখিত আবশ্যক সমগ্র স্পেয়ারের একটি সেট)। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ২৪ মাস] [পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহ: ০], পরিমাণঃ এসএসই/ডব্লিউএস/তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১ টি, পিএল. সংখ্যা. ৯০৯০০২৮৪। ৫) সূচী-V অনুসারে রক্ষণাবেক্ষণ টুলের ব্যয়। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ২৪ মাস] (পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহ: ০), পরিমাণঃ এসএসই/ডব্লিউএস/তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১ টি, পিএল নং ৯০৯০০২৮৫। ৬) ক্রেনের স্থাপন এবং কমিশ্বনিঙের ব্যয়। (ডাক প্র পত্রের-পার্ট-II র ধারা V এর দফা ১২), পরিদর্শন সংস্থা: সিওএনএসজি,পর্যায় আইএনএসপি: প্রযোজ্য হবে না, পর্যায়সমূহ: ০], পরিমাণঃ এসএসই/ডব্লিউএস/তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১টি। পি.এল. সংখ্যা.-৯০৯০০২৮৭। ৭) ডাক প্র পত্রের পার্ট-II র দফা ১৭, ধারা V অনুসারে দুই বৎসরের ওয়ারান্টি সময়সীমার সমাপ্ত হওয়ার পরে পাঁচ বৎসরের জন্যে বিস্তৃত বার্ষিক রক্ষণাবেক্ষণ ঠিকার সর্বমোট ব্যয়। [পরিদর্শন সংস্থা: সিওএনএসজি, পর্যায় আইএনএসপি: প্রযোজ্য হবে না, পর্যায়সমূহ: ০) পরিমাণঃ এসএসই/ডব্লিউএস / তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১ টি, পিএল. নং- ৯০৯০০২৮৮। ৮) ওয়ারান্টি সময়সীমা প্রথম এবং দ্বিতীয় বর্ষের সময়ে প্রতিরোধী রক্ষণাবেক্ষণের ব্যয় [পরিদর্শন সংস্থা: সিওএনএসজি, পর্যায় আইএনএসপি: প্রযোজ্য হবে না, পর্যায়সমূহ: ০], পরিমাণঃ এসএসই/ডব্লিউএস/তিনধরিয়া, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১ টি। পিএল. সংখ্যা. ৯০৯০০২৮৯।

ক্রমিক সংখ্যা. ৫। টেণ্ডার সংখ্যা. ১০/২৪/৩১৬৯বি/ওটি/২৩৮/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৭-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ ডিএলডব্লিউ স্পেসিফিকেশন নং. ডিইএল/এসপিএন/১৯৩-আরইভি-০৩, জুলাই, ৯৮ অনুরূপে লো মেইন্টেন্যান্স লোড এসিড ব্যাটারি ৫০০ এএইচ, ৪ সেলস, ৮ ভোল্টস। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৩০ মাস](পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহঃ ০), (১) পরিমাণ- নিউ গুয়াহাটি/ডিপো, এনএফআর (অসম) এর জন্য ২০০ টি, (২) পরিমাণ- শিলিগুড়ি জংশন/ডিজেল, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ২০০ টি, পিএল. নং- ১২৬৪০০৬২।

ক্রমিক সংখ্যা. ৬। টেণ্ডার সংখ্যা. ৩৭/২৪/০৫৭৩/ওটি/২৩৯/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৩-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ "টপ সাইড বিয়ারার লাইনার" ড্রয়িং নংঃ ডব্লিউডি-৮৫০৭৯-৫-১, এএলটি-১৪, আইটেম-১২। মেটেরিয়্যাল স্পেসিফিকেশনঃ ড্রয়িং অনুসারে। (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৩০ মাস](পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহঃ ০) (১) পরিমাণ- পান্ডু/জিএসডি, এনএফআর (অসম) এর জন্যে ১০০৮ টি, (২) পরিমাণঃ নিউ বঙ্গাইগাঁও/ওয়ার্কশপ/ডিপো, এনএফআর (অসম) এর জন্যে ৭০৫২ টি, (৩) পরিমাণঃ নিউ জলপাইগুড়ি/জিএসডি, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ২১০০ টি, পিএল. সংখ্যা- ৩৮১২৫৫৮৪।

ক্রমিক সংখ্যা. ৭। টেণ্ডার সংখ্যা. ৫০/২৪/০৬৬৩/ওটি/২৪০/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৩-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ আরডিএসও স্পেসিফিকেশন নং. আরডিএসও/এসপিএন/টিসি/৫১/২০২১ (আরইভি.১.০) অনুসারে ইলেক্ট্রনিক এলসি গেট টেলিফোন সিষ্টেম (শ্লেভ) (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৩০ মাস](পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহঃ ০) (১) পরিমাণঃ নিউ জলপাইগুড়ি/জিএসডি, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্যে ১৮০ টি, ২) পরিমাণঃ ডিব্রুগড় টাউন/ওয়ার্কশপ/ডিপো, এনএফআর (অসম) এর জন্যে ৯০ টি, ৩) পরিমাণঃ কাটিহার/জিএসডি, এনএফআর (বিহার) এর জন্যে ৮০ টি, ৪) পরিমাণঃ পান্ডু/জিএসডি, এনএফআর (অসম) এর জন্যে ২৫০ টি, পিএল. সংখ্যা. ৫০২৩২৩৭০।

ক্রমিক সংখ্যা. ৮। টেণ্ডার সংখ্যা. ৫০/২৪/০৬৪৪/ওটি/২৪১/২০২৪-২৫
বন্ধ/খোলার তারিখঃ ২৩-১২-২০২৪
সংক্ষিপ্ত বিবরণঃ রেলওয়ে এসএণ্ডটি ইনষ্টলেশনের জন্যে ব্যাটারি চার্জার, ২৩০ভি এসি/১১০ ভি ডিসি, ৫০এ, ফ্লোর মাউন্টিং টাইপ, স্পেসিফিকেশনঃ আইআরএসঃ এস-৮৬/২০০০ (সংশোধনী ৪) (ওয়ারান্টির সময়সীমা: ডেলিভেরির তারিখের পরে ৩০ মাস](পরিদর্শন সংস্থা: টিপিআই, পর্যায় আইএনএসপি: নেই, পর্যায়সমূহঃ ০), (১) পরিমাণ: নিউ জলপাইগুড়ি জিএসডি, এনএফআর (পশ্চিমবঙ্গ) এর জন্য ১৫ টি, ২) পরিমাণঃ কাটিহার জিএসডি, এনএফআর (বিহার) এর জন্যে ১৯ টি। পি.এল. সংখ্যা. ৫৬১৬০০০৮।

নোটঃ টেণ্ডার নোটিস এবং টেণ্ডার প্র-পত্রের সম্পূর্ণ তথ্যের জন্যে টেণ্ডারকর্তাগণ **(www.ireps.gov.in)** ওয়েবসাইটে লগ অন করতে পারবেন। প্রত্যাশিত ডাককর্তাগণ যারা উপরোক্ত টেণ্ডারে অংশগ্রহণ করতে চায়, যদি উনারা ইতিমধ্যে আইআরইপিএস ওয়েবসাইটে পঞ্জীয়নভুক্ত হয়, তাহলে উনারা উপরোক্ত ওয়েবসাইটে নিজেদের লগ অন করতে হবে এবং ইলেক্ট্রনিক্যালি ওনাদের প্রস্তাব দাখিল করতে হবে। যদি উনারা আইআরইপিএসে পঞ্জীয়ন করে নেই, তাহলে ভারত সরকারের আইটি য়্যাক্ট ২০০০ এর অধীনে অনুমোদিত এজেন্সী থেকে ক্লাস-III ডিজিট্যাল সিগনেচার প্রাপ্ত করার জন্যে এবং উপরোক্ত টেণ্ডারে অংশগ্রহণ করার জন্যে উনাদেরকে পরামর্শ দেওয়া হল।

পিসিএমএম, মালিগাওঁ

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

মহিলা ব্যাংক কর্মীর ২৫ লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে গ্রেপ্তার ১

প্রকাশ মন্ডল,হুগলি, ১০ ডিসেম্বর ঃ দামি উপহারের প্রলোভন ও ব্যক্তিগত তথ্য হাতিয়ে এক মহিলা ব্যাংক কর্মীর ২৫ লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে গ্রেপ্তার এক বিদেশি নাগরিক। গত ১১ মাস ধরে অবৈধ ভাবে ভারতে বসবাস করছিল ধৃত নাইজেরিয়ান নাগরিক। পুলিশ জানিয়েছে ধৃত নাইজেরিয়ান নাগরিকের নাম আজিকিউল এনোগী ওভেনা।গত ৬ ই ডিসেম্বর নয়ডার গৌতম বুদ্ধ নগর থেকে তাকে গ্রেপ্তার করে হুগলি গ্রামিন পুলিশের সাইবার ক্রাইম দপ্তরের আধিকারিকরা। ওইদিন গৌতম বুদ্ধ আদালতে পেশ করা হয়। পরে নিজেদের হেফাজতে নিয়ে গত ৮ ই ডিসেম্বর চঃদনগর মহকুমা আদালতে পেশ করে হুগলি গ্রামীন পুলিশ। সাত দিনের পুলিশি হেফাজত নিয়ে তদন্তের জাল বিস্তার করেছে পুলিশ। এদিন হুগলির কাম।কুন্ডু গ্রামীন পুলিশ অফিসে সাংবাদিক বৈঠক করেন অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার। তিনি জানান হুগলির ধনিয়াখালীর মৌসুমী সাহা নামে এক মহিলা ব্যংক কর্মী গত ২৪ শে আগস্ট থানায় লিখিত অভিযোগ জানান যে তার কাছ থেকে দফায় দফায় ২৫ লক্ষ টাকা হাতিয়ে নেওয়া হয়েছে দামি উপহার দেওয়ার প্রলোভন দেখিয়ে,এছাড়াও তার ব্যক্তিগত তথ্য হাতিয়ে নেওয়া হয়।

দামি উপহারের প্রলোভন এবং ব্যক্তিগত তথ্য হাতিয়ে দফায় দফায় মোট ২৫ লক্ষ টাকা হাতিয়ে নেওয়া হয়। অভিযোগ পাওয়ার পরই তদন্তে নামে হুগলি গ্রামীন পুলিশের সাইবার ক্রাইম দপ্তর।তদন্তে একাধিক একাউন্ট ব্যবহার করে টাকা হাতানোর তথ্য পায় পুলিশ।এই ঘটনায় জড়িত নয়ডার গৌতম বুদ্ধ নগরে অবৈধ ভাবে বসবাস কারী নাইজেরিয়ার বাসিন্দা আজিকিউল এনোগী ওভেনার খোঁজ পায় পুলিশ। পুলিশ আরো জানিয়েছে ব্যবসায়িক ভিসা নিয়ে ২০১৩ সালে ভারতে আসে আজিকিউল এনোগী ওভেনার। ২০২৩ সালে মেয়াদ শেষ হয়ে যায় তার ব্যবসায়িক ভিসার,তার পর থেকেই অবৈধ ভাবে বসবাস করছিল নাইজেরিয়ার আজিকিউল এনোগী ওভেনার। ২৫ লক্ষ টাকা হাতানোর ক্ষেত্রে মোট ছয়টি ব্যাংক একাউন্ট ব্যবহার করা হয়েছে যার মধ্যে আজিকিউল এনোগী ওভেনার একাউন্ট ব্যবহার করার তথ্য পেয়ে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

ধৃতের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার একাধিক ধারায় মামলা রুজু করে টাকা উদ্ধার ও জালিয়াতির ঘটনায় ভিন দেশের কোনো নাগরিক বা আরো কারা কারা জড়িত তার তদন্ত শুরু করেছে পুলিশ।

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Electrical)/LTG/Z-II, KMC invites e-tender online percentage rate two bid systems for the following works :

(1) NIT No.: KMC/LTG/95/WD21/IV/ZII/24-25
Name of the Work : **Installation of LED sinage board at Jadulal Mullick Road including allied works in Ward No. 21 under Borough-IV;** Estimated Amount: **Rs. 1,49,248.00;** Earnest Money : **Rs. 3,000.00**; Period of Completion: **7 Days;** Last Date and Time of submission of Bid (Online) : **20.12.2024 up to 2 p.m.** (for Sl. no. 1); The bid forms and other details are available on and from **11.12.2024 at 2 p.m.** (for Sl. no. 1); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1);

(2) NIT No.: LTG/170/MKT/V/Z-II/24-25
Name of the Work : **Renovation of electrical distribution network with allied electrical works at College Street Market (Barnaparichay Market) under KMC, BR-V;** Estimate Amount: **Rs. 4,62,022.00;** Earnest Money : **Rs. 9,400.00;** Period of Completion: **30 Days;**

(3) NIT No.: LTG/199/40/V/Z-II/24-25
Name of the Work : **Renovation of lighting arrangement with allied electrical works at Vidyasagar Udyan and other areas in Ward No. 40**; Estimate Amount: **Rs. 3,24,858.00;** Earnest Money : **Rs. 6,500.00**; Period of Completion: **30 Days;** Last Date and Time of submission of Bid (Online) : **18.12.2024 up to 4 p.m.** (for Sl. no. 2 & 3); The bid forms and other details are available on and from **10.12.2024 at 6 p.m.** (for Sl. no. 2 & 3); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 2 & 3)

(4) NIT No.: LTG/Z2/SUP-HO/24-25
Name of the Work : **Supply of electrical materials as necessary at all UPHC under BR-VI under KMC**; Estimated Amount: **Rs. 4,37,599.67;** Earnest Money : **Rs. 9,000.00**; Period of Completion: **10 Days;**

(5) NIT No.: LTG/Z2/HL-PA/24-25
Name of the Work : **Arrangement of PA system at seminar rooms located at UPHC-46, 4- Mirza Galib Street & UHWC at Korabardar Lane**; Estimated Amount: **Rs. 4,11,118.48;** Earnest Money : **Rs. 9,000.00**; Period of Completion: **10 Days;** Bid submission starting date and time : **11.12.2024 from 11 a.m.** (for Sl. no. 4 & 5); Last Date and Time of submission of Bid : **20.12.2024 up to 11 a.m.** (for Sl. no. 4) & **21.12.2024 up to 11 a.m.** (for Sl. no. 5); Bid opening date for technical proposal : **20.12.2024 at 12 noon** (for Sl. no. 4) & **21.12.2024 at 12 noon** (for Sl. no. 5); The bid forms and other details are available on and from **11.12.2024 from 11 a.m.** (for Sl. no. 4 & 5); The website **https://wbtenders.gov.in** (for Sl. no. 4 & 5)

(6) NIT No.: KMC/LTG/44/INST/IV/ZII/24-25
Name of the Work : **Renovation of electrical items at different labour quarters and institution under BR-IV**; Estimate Amount: **Rs. 1,83,209.00;** Earnest Money : **Rs. 4,000.00;** Period of Completion: **20 Days;**

(7) NIT No.: KMC/LTG/INST/63/WD-24/BIV/24-25
Name of the Work : **Internal electrification work for (G+1) UHWC at 25 Tagore Castle Street, Kolkata-06 in Ward No. 24 under BR-IV, KMC**; Estimate Amount: **Rs. 3,14,339.00;** Earnest Money : **Rs. 6,500.00**; Period of Completion: **60 Days;** Last Date and Time of submission of Bid (Online) : **19.12.2024 up to 2 p.m.** (for Sl. no. 6 & 7); The bid forms and other details are available on and from **10.12.2024 at 2 p.m.** (for Sl. no. 6 & 7); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 6 & 7)

The Executive Engineer (Electrical)/LTG/Z-I, KMC invites e-tender online percentage rate two bid system for the following works :

(1) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD2/14/24-25
Name of the Work : **Installation of lighting arrangement at DumDum Road and H. K. Seth Lane in Ward No. 02 under BR-I, KMC**; Estimated Amount: **Rs. 1,89,690.00;** Earnest Money : **Rs. 4,000.00**; Period of Completion: **20 Days;**

(2) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD3/27/24-25
Name of the Work : **Urgent replacement work of old/damaged fittings at different roads in Ward No. 03**; Estimated Amount: **Rs. 3,44,261.00;** Earnest Money : **Rs. 7,000.00**; Period of Completion: **18 Days;**

(3) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD3/14/24-25
Name of the Work : **Restoration of earthing, muffing & jacketing at Belgachia Bustee and different other bustees in Ward No. 03**; Estimated Amount: **Rs. 1,96,885.00;** Earnest Money : **Rs. 4,000.00**; Period of Completion: **28 Days;**

(4) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD2/11/24-25
Name of the Work : **Installation of lighting system at Raja Apurba Krishna Lane and different other places in Ward No. 02 under BR-I, KMC**; Estimated Amount: **Rs. 3,54,618.00;** Earnest Money : **Rs. 7,500.00**; Period of Completion: **20 Days;**

(5) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD4/01/24-25
Name of the Work : **Improvement of street lighting system by LED street lights at Umakanta Sen Lane in Ward No. 04 under Borough-I, KMC**; Estimated Amount: **Rs. 2,99,150.00;** Earnest Money : **Rs. 6,000.00**; Time of Completion: **28 Days;**

(6) NIT No.: KMC/LTG/Z1/B1/INS/W5/25/24-25
Name of the Work : **Improvement work of power distribution network with proper safety arrangement in Gr. floor & 1st floor of Borough-I Office New Building under BR-I**; Estimated Amount: **Rs. 1,98,994.00;** Earnest Money : **Rs. 4,000.00**; Time of Completion: **25 Days;**

(7) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD6/15/24-25
Name of the Work : **Installation of street lighting arrangement at 3/9 Ghosh Bagan Lane, 1/5 Prankrishna Mukherjee Road and 9 Jogendra Nath Mukherjee Road in Ward No. 06 under BR-I, KMC**; Estimated Amount: **Rs. 1,54,996.00;** Earnest Money : **Rs. 3,100.00**; Time of Completion: **25 Days;**

(8) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD6/24/24-25
Name of the Work : **Improvement work of lighting system at road side garden of Cossipore Road and other different places in Ward No. 06 under BR-I**; Estimated Amount: **Rs. 2,24,083.00;** Earnest Money : **Rs. 4,500.00**; Time of Completion: **25 Days;** Last Date and Time of submission of Bid (Online) : **20.12.2024 at 1.15 p.m.** (for Sl. no. 1 to 8); The bid forms and other details are available on and from **11.12.2024 at 5 p.m.** (for Sl. no. 1 to 4) & **11.12.2024 from 5 p.m.** (for Sl. no. 5 to 8); The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 8);

The Executive Engineer (Electrical)/Lighting/Crematorium Deptt., KMC invites e-tender online in two bid system for the following works :

(1) NIT No.: KMC/LTG/CRM/10/SBG/2024-25
Name of the Work : **Supply, delivery and fixing of LED light fittings, fans and allied works at Sirity Burning Ghat**; Estimated Amount: **Rs. 1,90,378.00;** Earnest Money : **Lump Sum Amount of Rs. 4,000.00**; Period of Completion: **5 Days;**

(2) NIT No.: KMC/LTG/ELEC/MAINT/2/SBG/24-25
Name of the Work : **Maintenance of indoor/outdoor lighting system, ceiling fans, exhaust fans, wall fans, glow sign board etc. at Sirity Burning Ghat**; Estimated Amount: **Rs. 1,33,920.00;** Earnest Money : **Lump Sum Amount of Rs. 2,700.00**; Period of Completion: **365 Days;** Last Date and Time of submission of Bid (Online) : **20.12.2024 at 5 p.m.** (for Sl. no. 1 & 2); The bid forms and other details are available on and from **12.12.2024 at 5 p.m.** (for Sl. no. 1 & 2); The website **https://wbtenders.gov.in** (for Sl. no. 1 & 2)

1024/24-25

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
৩০ বর্ষ, দৈনিক ১১ সংখ্যা, বুধবার, ২৫ অগ্রহায়ণ, ১৪৩১

গীতা শাস্ত্র

সম্পাদকীয়

গীতা কবে রচিত হয়েছিল তা অবশ্য সঠিকভাবে জানতে পারা যায় না। তবে পণ্ডিতেরা মনে করেন যে খ্রীষ্টপূর্ব ২য় শতক বা ৫ম শতকের মধ্যে গীতা রচিত হয়ে পারে। তব তা অনুমান করা হচ্ছে। তবে তা মহাভারত রচনা করা পরেই বলে অনুমান করা হয়ে থাকে। আগে মহাভারত না আগে তী তা নিয়ে বিতর্ক রয়েছে। কেউ কেউ বলে থকেন যে আগে গীতা রচিত হয়েছিল। তারপরে মহাভারত রচনা করা হয়ে থকে। আবার কেউ কেউ বলেছেন যে গোড়া আগে মাটিতে বসে তাপরে গাছের পাতা তৈরি হয়। গীতী কীভাবে আগে রচিত বলা হচ্ছে তা বোঝা যাচ্ছে না। কুরুক্ষেত্রের যুদ্ধের সময়ই গীতা সৃষ্টি হয়েছিল। শ্রীকৃষ্ণ যে জীব জগতে দর্শনগত ব্যাখ্যা দিয়েছিলেন তাই গীতাকে লিপিবদ্ধ করা হয়েছে। তব ইন্ডোলজিস্ট অরবন্দি শর্মা বলেছেন যে গীতা খ্রীষ্ট পূর্ব ২য শতকে রচিত হয়েছিল। এর বিপরীতে কাশীনাথ উপাধ্যায় বলেছেনন গীতা হচ্ছে মহাভারতর একটি অংশ। মহাভারত এদেশে পরিচিত হতে শুরু করলে গীতাও প্রসার লাভ করে। মহাভারত এবং গীতাকে পৃথক করলে ভুল করা হবে। কারণ দুটো গ্রন্থ একই কালে এবং একই সময়ে রচিত উচিত। বিদেশি দার্শনিক আর্থার বাশাম বলেছেন যে গীতা হচ্ছে যুদ্ধের নৈতিকতা প্রশ্নে আবদ্ধ। যুদ্ধ দিয়ে গীতা রচনা দর্শন উপস্থত হলেও সেখানে সমগ্র জীব জগতের উত্থানের রহস্যের কথা বলা হয়েছে। কেন জগতে মানুষের প্রয়োজন তার দার্শনিক দিকের কথা বলা হয়েছে। গীতাকে যুদ্ধের ন্যায় শাস্ত্র হিসাবে দেখাটাা একেবারে অনুচিত। স্বামী বিবেকানন্দ বলেছিলেন গীতা শঙ্করাচার্য রচনা করেছিলেন। তিনি এটকে মহাভারতের মধ্যে প্রবেশ করিয়ে দিয়েছিলেন। গীতার বিশ্লেষকেরা মনে করেন গীতা একার দ্বারা রচিত হয়নি। গীতার শ্লোক রচনা করতে বহু মুনী ঋষির হাত লেগেছিল। ফলে গীত ঠিক কোনও কালে সম্পূর্ণ হয়েছিল তা বলা কুবই কঠিন। গীতা ২২৭টি ভাষায় অনুবাদ করা হয়েছে। সারা িশ্বের প্রতিটি দেশে গীতা রয়েছে। সেখানকার পণ্ডিতেরা গীতাকে তাদের ভাষায় অনুবাদ করে প্রচার করেছে। বাইবেলের মতো গীতাও বহু ভাষায় রচিত। এমনকী চিন ভাষাতেও গীতা রচনা করা হয়েছে। পরিব্রাজক হিয়েন সাঙ এবং হা হিয়েন চিন দেশ থেকে এসে গীতাকে সঙ্গে করে নিয়ে ফিরে গিয়েছিলেন চীনা ভাষায় অনুবাদ করে পড়ে দেখার জন্য। শঙ্করাচার্য এবং অভিনব গুপ্ত গীতা সারাংশ ব্যাখ্যা করেছিলেন। তব শঙ্করাচার্যের গীতার সঙ্গে অভিনব গপ্তের গীতার পার্থক্য দেখতে পাওয়া যায়।

শব্দ দূষণ মানবসভ্যতার চরম শত্রু

শব্দ দূষণের উৎপাত থেকে রক্ষা পাওয়ার জন্য জনসাধারণ অনেক প্রতিবাদ করে আসছে। ইতিমধ্যে মহামান্য উচ্চ আদালত এই দূষণের বিরুদ্ধে রায় দিয়ে শব্দমাত্রায় উচ্চ সীমা বেঁধে দিয়েছেন। কিন্তু কে কার কথা শোনে। এখনও কালীপুজোর দিন এবং তার পরেও দেদার চকলেট বোমা ফাটান থামে না। বাড়িতে অসুস্থ রোগী থাকলেও নয়। উচ্চ অট্টালিকা বাসিন্দাদের অনেকেই উঁচু ছাদের ওপরে এই সব নিষিদ্ধ বাজি ফাটিয়ে আনন্দ স্ফুর্তি থেকে বিরত থাকতে পারে না। তাদের কাছে এটা যেন একটি গণতান্ত্রিক অধিকারে পরিণত হয়েছে। অপরের গণতান্ত্রিক অধিকার বিপন্ন হলেও তাদের কিছু যায় আসে না। পুলিশ আগাম সতর্ক বার্তা দেয় বটে, কিন্তু এই সব নিয়ে বেশি মাথা ঘামায় না। ধর পাকড় করার পর হয়তো ছেড়েও দিতে হয়। কার পিছন কোন বড় খুঁটি রয়েছে তা কে জানে? সাধারণ মানুষও খুব একটা ঝামেলাতে জড়াতে চায় না। কারণ উচ্ছৃঙ্খল মানুষদের কোপে পড়ে হয়তো মান সম্মান খোয়া যেতে পারে। ইতিমধ্যে বেশ কয়েকটি বাজি কারখানায় বিস্ফোরণ হয়েছে। প্রাণহানিও ঘটেছে। অনেকের ঘর বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। কিন্তু এখনও চৈতন্য হয়নি। বরং এ অজুহাত দেওয়া হচ্ছে যে অন্য কাজকর্ম নেই সেই কারণে বাজি তৈরি করে সংসার চালায়। কিন্তু শব্দ বাজি তৈরি না করে সবুজ বাজি করলে তো শব্দ দূষণ হয় না। তাহলে? এর উত্তর মেলেনি। যারা শব্দ বাজি ফাটান তাদের কাছে এটা গণতান্ত্রিক অধিকার। অপনার গণতন্ত্র বিপন্ন হলেও তাদের কিছু যায় আসে না। অনেকে বলেন, শান্তিপ্রিয় মানুষদের উত্যক্ত করতে পারলে কারোর কারোর বেশি আনন্দ হয়। সেই কারণে তীব্র শব্দ বাজি ফাটিয়ে ক্ষমতার আস্ফালন দেখায়। এটা যদি সত্য হয় তাহলে এই সব উৎপাত কোনও দিনই বন্ধ করা যাবে না। সবাই জেনে বুঝে ঘুমিয়ে থাকবে।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

যার উপর যা কিছু সব দাঁড়িয়ে আছে তাই ধর্ম, আর তিনিই পরম পুরুষ। ধর্ম কখনও বহু হয় না ধর্ম একই আর তার কোনো প্রকার নেই। মত বহু হতে পারে, এমনিকি যত মানুষ তত মত হতে পারে কিন্তু তাই বলে ধর্ম বহু হতে পারে না। সব মতই সাধনা বিস্তারের জন্য, তবে তা নানান প্রকারের হতে পারে আর যতটুকু বিস্তারে যা হয় তাই অনুভূতি ও জ্ঞান। তাই ধর্ম অনুভূতির উপর। কোনো মতের সঙ্গে কোনো মতের প্রকৃত পক্ষে কোনো বিরোধ নেই, ভাবের বিভিন্নতা, রকমের বিভিন্নতা বলেই নানাপ্রকারে একরকম অনুভব। হিন্দু ধর্ম, মুসলমান ধর্ম, খ্রিস্টান ধর্ম, বৌদ্ধ ধর্ম ইত্যাদি কথা আমার মতে ভুল, বরং ও সবগুলি এক একটি মত। তুমি যাই দেখ না কেন, অন্তরের সহিত দেখাই সর্বাগ্রে। তার ভালোটুকুই দেখতে চেষ্টা কর, আর এই অভ্যাস তুমি মজ্জাগত করে ফেলতোমার মন যত নির্মল হবে, তোমার চোখ ততই নির্মল হবে, আর জগৎটা তোমার নিকট নির্মল হযে ভেসে উঠবে। তোমার মন যত নির্মল হবে, তোমার চোখ ততই নির্মল হবে, আর জগৎটা তোমার নিকট নির্মল হযে ভেসে উঠবে। এটা খুবই সত্য কথা যে, মনে যখনই অপরের দোষ দেখবার প্রবৃত্তি এসেছে তখনই ঐ দোষ নিজের ভিতরে এসে বাসা বেধেছে। তখনই কালবিলম্ব না করে ওই পাপপ্রবৃত্তি ভেঙ্গেচুরে ঝেঁটিয়ে সাফ করে দিলে তবেই নিস্তার, নইলে সব নষ্ট হয়ে যাবে।

শ্রীরামকৃষ্ণ কথামৃত

রাষ্ট্রের বা দেশের উন্নয়নের ক্ষেত্রে ব্যবহার করতে হবে। মাতৃভক্তি এবং মাতৃশক্তির দিয়ে দেশকে আপ্লুত করতে হবে। সমগ্র ভারতকে জাগাতে হবে। এক সঙ্গে কাজ করতে হবে। মনের অপরাধীবোধকে পরাস্ত করতে হবে। জয়ী হওয়ার বাসনা নিয়ে এগিয়ে যেতে হবে। মায়ের কাছ থেকে সেই শক্তি গ্রহণ করতে হবে। মা ভবতারিণী সেই শক্তি সবাইকে দিয়ে থাকেন। মা ভবতারিণী কাউকে নিরাশ করেন না। তিনি সবাইকে সমানভাবে শক্তি দিয়েছেন। মায়ের কাছ থেকে শক্তিকে সঞ্চয় করে তার সঠিক প্রয়োগ করতে হবে। মা ভবতারিণী তার সঠিক উপায় বলে দেবেন। শক্তিকে কীভাবে এবং কোনও পথ ধরে পরিচালিত করলে সঠিক পথের সন্ধান পাওয়া সম্ভব।।ত দিশা দেখাবেন। মা ভবতারিণী হচেছন শক্তিদায়িনী। জ্ঞানশক্তিদায়িনী। ভক্তিদায়নী। ঠাকুর প্রায় বলতেন, প্রাচ্য এবং পাশ্চাত্য সভ্যতার মিলনে ভক্তিবাদী মন গড়ে তোলা সম্ভব হবে। মনে ভক্তি আনতে হবে।

দেশিয় পত্রপত্রিকার মাধ্যমে জাতীয় চেতনার উন্মেষ ঘটলে ব্রিচিশ সরকার বিব্রত হল

রবীন্দ্রকুমার শীল

ভারতের দেশিয় পত্রপত্রিকার ওপরে ব্রিটিশ সরকার কড়া পদক্ষেপ গ্রহণ করার ব্যপারে সবচেয়ে বেশি প্রতিবাদী কণ্ঠ হয়ে উঠেছিলেন রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। তখন দেশিয় পত্রিকাগুলি আজকের মতো এত শক্তিশালী ছিল না। তখন বাংলার সংবাদপত্রগুলি স্থানীয় গণ্ডির মধ্যেই আবদ্ধ থাকতো। স্থানীয় লোকেরা বেশি করে এই সব সংবাদপত্র পড়ে প্রভাবিত হতো। তবে কলকাতার সংবাদপত্রগুলি বেশ শক্তিশালী ছিল। তবে সেই সময়ে অল্প সংবাদপত্র থাকলেও তারা সরকারের বিরুদ্ধে সমালোচনা করলে তা দেশের জনগণ পড়তো এবং তারা সেই বিষয় নিয়ে চর্চা করতো। তবে সেই সময়ে সংবাদপত্র সাধারণ নাগরিকদের মধ্যে বেশি প্রভাব বিস্তার করতে পারেনি। শিক্ষিত সমাজের মধ্যে সেই সব সংবাদপত্র ঘোরাঘুরি করতে থাকে। সংবাদপত্র সর্বজনীন হতে বেশ সময় লেগেছিল। ইংরেজি পত্রিকা 'স্টেটসম্যান' সেই সময়ে ইংরেজি জানা মহলে জনপ্রিয় সংবাদপত্র ছিল। তবে 'হিন্দু প্রেটিয়ট' পত্রিকা বেশ সুনাম অর্জন করতে শুরু করে। ইংরেজদের সঙ্গে কলকাতার উচ্চ শিক্ষিত সমাজের মধে যে মিলন সেতু তৈরি হয়েছিল সেখানে এই 'হিন্দু প্রেটিয়ট' প্রভাব বিস্তার করতে থাকে। সেই সময়ে কলকাতার ধনী পরিবারদের বাড়িতে বিশেষ করে শিক্ষিত পরিবারদের সদস্যরা এই পত্রিকার গ্রাহক ছিল। দেখতে পাওয়া গিয়েছিল সেই সময়ে কলকাতার ব্রাহ্মরাও 'হিন্দু প্রেটিয়ট' পড়তো এবং তা নিয়ে তাদের নিজেদের মধ্যে আলোচনা করতো। রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মনে করেন যে প্রথম বাংলা সংবাদপত্র ছিল এই 'হিন্দু প্রেটিয়ট'। এই পত্রিকা সেই সময়ে ভারতবাসীর কাছে বিশেষ করে সরকারের কাছে বেশ খ্যাতি লাভ করতে সমর্থ হয়েছিল। তখন এই পত্রিকার সম্পাদক ছিলেন কৃষ্টদাস পাল। তিনি যেভাবে দাপটের সঙ্গে এই পত্রিকার সম্পাদনা করতে শুরু করে দিয়েছিলেন তাতে শিক্ষিত সমাজ খুবই উৎসাহিত হত। কিন্তু ইংরেজ সরকার এই পত্রিকাতে তাদের সমালোচনা যাতে না করতে পারে এবং ব্রিটিশ সরকারের সঙ্গে সহমত পোষন করে পাঠক সমাজে মধ্যে বিস্তার লাভ করুক সেটাই আশা করতো। কিন্তু তখন জাতীয় চেতনার উন্মেষ ঘটতে শুরু করে দিয়েছে। ফলে ব্রিটিশ সরকারকে অন্ধভাবে সমর্থন করাটাকে শিক্ষিত বাঙালি সমাজের পাশাপাশি ব্রাহ্ম সমাজ বেশ বিব্রত বোধ করতে থাকে। তখন একেবারে ব্রিটিশ শাসন হঠাও অভিযান তখনও শুরু হয়নি বটে। তবে জাতীয় চিন্তার ভাবনা বাংলা ভাষায় প্রকাশ পত্রিকাগুলিকে স্থান লাভ করতে থাকে। সেই পত্রিকার নাম হচ্ছে 'বেঙ্গলি' পত্রিকা। এই পত্রিকা সম্পাদক ছিলেন বাবু বাচারাম চট্টোপাধ্যায়। তিনিই ছিলেন এই পত্রিকার মালিক। সেই সময়ে এই পত্রিকা অতি সামান্য লোকেরা পড়তো। বেশি পাঠক ছিল না। এই পত্রিকাকে শক্তিশালী করার ব্যাপারে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ আগ্রহী ছিলেন। তিনি চাইছিলন 'বেঙ্গলি' পত্রিকাটি সাধারণ মানুষের হাতে গিয়ে পৌঁছাক। সাধারণ মানুষকে 'বেঙ্গলি' পত্রিকার গ্রাহ করার ব্যাপারে তিনি আগ্রহ প্রকাশ করতে থাকেন। বাবু রামনাথ লাহা ছিলেন কলকাতা হাইকোর্টের একজন খ্যাতনামা আইনজীবী। তিনি সলিসিটর হিসাবে কাজ করতেন। তাঁর মাধ্যম দিয়ে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বেঙ্গলি পত্রিকার সম্পাদক এবং মালিক হলেন। বাবু বাচারাম চট্টোপাধ্যায় তাঁর 'বেঙ্গলি' পত্রিকাটিকে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথকে উপহার হিসাবে দান করে দেও.ার ইচ্ছা প্রকাশ করেছিলেন। তবুও সুরেন্দ্রনাথ তাঁর হাতে দশটি টাকা দেন অনুদান স্বরূপ। বাবু বাচারাম চট্টোপাধ্যায় জানিয়েছিলেন যে তিনি এই পত্রিকাটিকে ঠিক মতো পরিচালনা করতে পারছেন না। সঠিক ব্যক্তির হাতে যদি এই পত্রিকাটি গিয়ে উপস্থিত হয় তাহলে এটি আবার নতুন করে বাঁচতে পারবে। সেই আশা রেখেই তিনি এই পত্রিকাটিকে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের হাতে তুলে দেন। সুরেন্দ্রনাথ যেদিন এই পত্রিকার দায়িত্ব গ্রহণ করলেন সেই দিনটা ছিল ১ জানুয়ারি ১৮৭৯ সাল। সেই সময়ে যে প্রেসে 'বেঙ্গলি' পত্রিকা ছাপা হতো তারা বেশ কিছু বকেয়া টাকা পেত। সেই টাকার পরিমান ছিল ১,৬০০ টাকা। সেই বকেয়া টাকা সুরেন্দ্রনাথ দিয়ে দেন। 'হিন্দু প্রেটিয়ট' পত্রিকাটি অভিজাত সম্প্রদায়েদর পত্রিকা ছিল। বিশেষ করে এই পত্রিকার পাঠকেরা বলতে গেলে অধিকাংশই ব্রিটিশ ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশনের সদস্য ছিল। তখনকার সময়ে এই সংস্থার সদস্য সাধারণ লোকেরা হতে পারতো না। অভিজাত শিক্ষিত সম্প্রদায়রা এই সংস্থার সদস্য ছিল। তার ফলে 'হিন্দু প্রটিয়ট' এর একটি উচ্চ সামাজিক মর্যাদা বহন করতো। কিন্তু 'বেঙ্গলি' পত্রিকার অধিকাংশ পাঠকেরা ছিলেন ইণ্ডিয়ান আসোসিয়েশন-এর সদস্য। তারা বলতে গেলে সমাজের মধ্যবিত্ত শ্রেণি। 'ভারত সভা' ছিল একটি অরাজনৈতিক সংগঠন। তার সঙ্গে পত্রিকাকে জড়াতে চাইছিলেন না রাষ্ট্রগুরু। তিনি 'বেঙ্গলি' পত্রিকাকে 'ভারত সভা'র বাইরে রাখার সিদ্ধান্ত গ্রহণ করলেন। যদিও 'ভারত সভা'র উদ্দেশ্য এবং বিধেয়কে এই 'বেঙ্গলি' পত্রিকার মাধ্যমে প্রকাশ লাভ করতো। ভারত সভা কেন গঠিত হল তার লক্ষ্য কি তাও প্রকাশ লাভ করতো এই বেঙ্গলি পত্রিকাতে। যদি 'হিন্দু প্রেটিয়ট' সমাজের উচ্চবিত্তদের কাছে জনপ্রিয় ছিল তবুও 'বেঙ্গলি' পত্রিকা তারা কিনতো এবং পড়তো। একেবারে অবজ্ঞা করতো না। ১৮৭৯ সালে যখন রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ ব্যানার্জি 'বেঙ্গলি' পত্রিকার মালিক এবং সম্পাদক হলেন তখন এটা সাপ্তাহিক পত্রিকা ছিল। তবে সেই সয়ে আর একটি শক্তিশালী সাাপ্তাহিক পত্রিকা ছিল 'ইণ্ডিয়ান মিরর' নামে। 'বেঙ্গলি' পত্রিকা সুনাম অর্জন করার পিছন অনেক পরিশ্রম দিতে হয়েছিল রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং আশুতোষ বিশ্বাসকে। সুরেন্দ্রনাথ এবং আশুতোষ দুই জনে মিলে শুক্রবার সারা রাত ধরে লেখাগুলির ভুলকে সংশোধন করে শনিরাব সকালে প্রকাশ করতো। সেই সময়ে আশুতোষ বিশ্বাস আবার 'গার্ডিয়ান' পত্রিকা প্রকাশের ক্ষেত্রে সহযোগিতা করতে শুরু কবে দিয়েছিলেন। ১৮৭৯ থেকে ১৮৮৪ সাল পর্যন্ত অক্লান্ত পরিশ্রম করে 'বেঙ্গলি' পত্রিকা প্রকাশ করতে সাহায্য করেছিল আশুতোষ বিশ্বাস। আাশুতোষ বিশ্বাসের সঙ্গে রাষ্ট্রগুরুর পরিচয় হয়েছিল কলকাতার লণ্ডন মিশনারি স্কুলে। সুরেন্দ্রনাথ সেখানে গিয়েছিলেন 'চৈতন্য' সম্পর্কে বক্তবা রাখতে। সেই সময়ে 'চৈতন্য' বক্তৃতা শুনে কয়েকটি প্রশ্ন তুলে ছিলেন আশুতোষ বিশ্বাস। তারপর থেকে রাষ্ট্রগুরুর সঙ্গে আশুতোষের নিবিড় সম্পর্ক তৈরি হয়ে গিয়েছিল। আলিপুর বোমা মামলাকে কেন্দ্র করে যে সব সংবাদ এই পত্রিকায় প্রকাশ লাভ করতো সেগুলি আবার বাংলার জনগণের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছিল। আলিুপর বোমা মামলার বিবরণ প্রকাশ লাভ করার সঙ্গে 'বেঙ্গলি' পত্রিকা বেশ সুনাম অর্জন করতে শুরু করে দিল। আলিপুর বোমা মামলার অভিযুক্তদের হয়ে যখন 'বেঙ্গলি' পত্রিকা লিখতে শুরু করে দিল তখন বাংলার মানুষ উপলব্ধি করতে পারলো যে কেন বিপ্লবীরা দেশের জন্য লড়াই করেছিল গোপেনে। ইংরেজ সরকার এই সব বাংলা পত্রিকার ওপরে বেশ খানিকটা ইবরক্ত প্রকাশ করতে থাকে। মজফফরপুরে ক্ষুদিরাম এবং প্রফুল্ল চাকির ঘটনা ফলাও করে প্রকাশ লাভ করতে থাকে। মজফফরপুরে 'বেঙ্গলি' পত্রিকার সাংবাদিক ছিলেন উপেন্দ্রনাথ সেন। তিনি মজফফরপুরের আদালতের আইনজীবীও ছিলেন। 'দ্য বেঙ্গলী' পত্রিকার সাংবাদিক উকিল উপেন্দ্রনাথ সেন ক্ষুদিরামে ফাঁসির দিন মজফ্ফরপুরে জেলে উপস্থিত ছিলেন। তিনি 'দ্য বেঙ্গলী' পত্রিকায় ক্ষুদিরামে ফাঁসি দিন উপস্থিত থেকে সংবাদ প্রকাশ করেছিলেন। সেই সংবাদ সারা বাংলায় আলোড়ন সৃষ্টি করে। তিনি লিখেছেন, " ভোর ছ'টায় ফাঁসি হবে। ভোট পাঁচটায় আমি গাড়ীর মাথায় অত্যবশ্যকীয় সৎকার বস্ত্রাদি লইয়া জেলের ফটকে উপস্থিত হইয়া দেখিলাম নিকটবর্তী রাস্তায় লোকে লোকারণ্য। ফুল লইয়া অনকে দাঁড়াইয়া আছে। সহজেই আমরা দুইজনে জেলের ভিতরে প্রবেশ করিলাম। দ্বিতীয় লৌহদ্বার উন্মুক্ত হইলে আমরা জেলের আঙিনায় প্রবেশ করিলাম। দেখিলাম, ডানদিকে একটু দূরে প্রায় ১৫ ফুট উঁচুতে ফাঁসির মঞ্চ। দুইদিকে দুটি খুঁটি আর একটি মোটার লোহার রড আড় দ্বারা যুক্ত। তারই মধ্যস্থানে বাধা মোটা একগাছি দড়ি ঝুলিয়া আছে। তাহারই শেষপ্রান্তে একটি ফাঁস। একটু অগ্রসর হইতেই দেখিলাম ক্ষুদিরামকে লইয়া আসিতেছে চারজন পুলিশ। ক্ষুদিরাম আগে আগে দ্রুতপদে অগ্রসর হইয়া যেন সিপাহীদের টানিয়া আনিতেছে। আমাদের দেখিয়া একটু হাসিল।.. মঞ্চে উপস্থিত হইলে তাহার হাত দুইখানি পিছন দিকে আনিয়া রজ্জুবদ্ধ করা হইল। একটা সবুজ রঙের পাতলা টুপি দিয়া তাহার গ্রীবামুল অবধি ঢাকিয়া দিয়া গলায় ফাঁসি লাগাইয়া দেওয়া হল। ক্ষুদিরাম সোজা হইয়া দাঁড়াইয়া রইল। এদিক ওদিক একটু নড়িল না। উডম্যান সাহেব ঘড়ি দেখিয়া একটি রুমাল উড়াইয়া দিলেন। এক প্রহরী মঞ্চে একপ্রান্তে অবস্থিত একটি হ্যাণ্ডেল টানিয়া দিল। ক্ষুদিরাম নীচের দিকে অদৃশ্য হইয়া গেল। কেবল কয়েক সেকেণ্ড ধরিয়া ওপরের দড়িটি নড়িতে লাগিল। তারপর সব স্থির।...কর্তৃপক্ষের আদেশে আমরা নির্দিষ্ট রাস্তা দিয়া শ্মশানে চলিতে লাগিলাম। রাস্তার দুইপাশে কিছু দূর অন্তর পুলিশ প্রহরী দাঁড়াইয়াছে। তাহাদের পশ্চাতে শহরের অগণিত লোক ভিড় করিয়া আছে। অনেকে শবের ওপরে ফুল দিয়া গেল। শ্মশানেও অনেক ফুল আসিতে লাগিল। ...আমরা শ্মশান বন্ধুগণ স্নান করিতে নদীতে গেলে পুলিশ প্রহরীগণ চলিয়া গেল। তখন আমরা সমস্বরে 'বন্দেমাতরম' বলিয়া মনের ভাব লঘু করিয়া যে যাহার বাড়ী ফিরিয়া আসিলাম। সঙ্গে লইয়া আসিলাম একটা টিনের কৌটায় কিছু চিতাভস্ম, কালিদাসবাবুর জন্য। ভূমিকম্পের ধ্বংসলীলায় সে পবিত্র ভস্মাধার কোথায় হারাইয়া গিয়াছে। ইহার পর ৩০ বৎসর অতীত হইয়াছে, তথাপি কিছুই ভুলি নাই। ক্ষুদিরামের উত্তপ্ত দেহভস্ম দগ্ধ শ্বেতচিহ্নটি আমার বুকের উপর এখনও রহিয়াছে, আর বুকের ভিতরে অম্লান আছে তাহার হাসোচ্ছল কচি মুখখানি।" 'দি বেঙ্গলী' পত্রিকা প্রতিষ্ঠা করেছিলেন নাট্যকার গিরিশ ঘোষ। ১৮৬২ সালে এই পত্রিকা প্রকাশিত হতে শুরু করে। বাংলার বিপ্লবী আন্দোলন এবং বাংলার সংস্কৃতিতে সবার সমানে তুলে ধরার লক্ষ্য নিয়েই নাট্যকার গিরিশ ঘোষ এই সংবাদপত্রটি প্রকাশ করেছিলেন। ১৯৩১ সালে 'ক্যালকাটা ইভিনিং নিউজ' নামে একটি সন্ধ্যাকালীন পত্রিকা প্রকাশিত হতে থাকে কলকাতা থেকে। তবে মফস্বল সংখ্যা হিসাবে 'দি বেঙ্গলী' পত্রিকা নামেই পরিচিত ছিল। ১৯৩২ সালে এই দুটি পত্রিকা এক করে নুতন নাম দিয়ে 'স্টার অব ইণ্ডিয়া' প্রকাশিত হতে থাকে। রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সেই সময়ে বাংলার বিপ্লবী আন্দোলনকে সমর্থন করে সংবাদ প্রকাশ করতে শুরু করেন। তিনি মনে করতেন বাংলার বিপ্লবী আন্দোলনের ধারা সঙ্গে বাংলার জনগণের পরিচয় থাকাটা খুবই জরুরী। এই ব্যাপারে ইংরেজ সরকার বেশ কিছুটা 'দি বেঙ্গলী' পত্রিকার ওপরে বিরাগ ছিল। কিন্তু করার কিছুই নেই। বাংলার বিপ্লবী আন্দোলনকে ইংরেজ সরকার সমর্থন না করলেও সেটা কিন্তু রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথকে গভীরভাবে নাড়া দিয়েছিল। তার ফলে বাংলার প্রতিটি বিপ্লবী আন্দোলনের খবর তিনি গুরত্ব দিতেন। 'দি বেঙ্গলী' পত্রিকা ১৯ শতকেরগোড়ার দিকে এবং ২০ শতকের গোড়ার দিকে সাপ্তাহিক হিসাবে প্রকাশ লাভ করতে থাকে। ১৯০৭ সালে সুরাট কংগ্রেসের সময়ে এই পত্রিকা কংগ্রেসের মধ্যপন্থী আন্দোলনকে সমর্থন করতে শুরু করলে এর জনপ্রিয়তা হ্রাস পেতে শুরু করে। ১৯৩১ সালে এই পত্রিকাটির দুটি সংস্করণ প্রকাশিত হয়। সকাল বেলায় যে পত্রিকাটি প্রকাশিত হতো তাঁর নাম ছিল 'দি বেঙ্গলী' পত্রিকা। আবার সন্ধ্যা বেলায় যে পত্রিকাটি প্রকাশিত হতো তার নাম 'ক্যালকাটা ইভিনিং নিউজ'। ভারতের জাতীয় আন্দোলনের মুখ পাত্র হিসাবে এই পত্রিকার আত্মপ্রকাশ ঘটে। সম্পাদক সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বাংলার তথা ভারতের বিপ্লবী আন্দোলনের খবর বেশি করে প্রচারিত করতেন। তিনি চাইতেন ভারত জুড়ে যে স্বাধীনতা আন্দোলনের স্রোত দেখা দিতে শুরু করে দিয়েছে তার খবর যাতে সবাই পেতে পারে। সবার কাছে ভারতের স্বাধীনতা সংগ্রামের সংবাদকে ছড়িয়ে দেওয়ার লক্ষ্য নিয়ে রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় অগ্রসর হতে শুরু করেছিলেন। সুরেন্দ্রনাথ ১৯০৫ সালে বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে অন্যতম সেরা নেতা ছিলেন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরও বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সমর্থক ছিলেন। তাঁর উদ্যোগে বাংলার অগণিত মানুষ রাস্তায় নেমে এসে বাংলা ভাগের বিরোধিতা করতে শুরু করে দিয়েছিল। রাখি বন্ধন উৎসব থেকে শুরু করে বাংলা জুড়ে বঙ্গভঙ্গ এর বিরোধিতা করে একদিন অরন্ধন পালন করা হয়েছিল। সেই খবরও 'দি বেঙ্গলী' পত্রিকা প্রকাশ করতে শুরু করে দিয়েছিল।

বিশ্ব মানবতার বিরদ্ধে বিশ্বাসঘাকততা করেছে চিন সরকার সেটা বলার অপেক্ষা রাখে না

সাংবাদিক মহল্লকে আবার নিয়ন্ত্রণ করতে শুরু করে প্রভাবশালী গোষ্ঠী নেতারা। এর ফল সাংবাদিক মহল এখন বলতে গেলে বিরক্ত। তারা ঠিক কোনও সংবাদকে বেশি গুরুত্ব দিতে থাকবে তা বলা খুবই মুশকিল হয়ে দাঁড়িয়েছে। সংবাদপত্রে নিজস্ব কৌশল রয়েছে। সেই কৌশলের ওপরে নির্ভর করে সংবাদপত্রকে চলতে হয়। প্রায় বেশির ভাগ সংবাদপ্তগুলি কোনও না কোন গোষ্ঠীর দ্বারা নিয়ন্ত্রিত। তার ফলে সঠিক সংবাদ প্রকাশ করাটা অনেক সময়ে খুবই মুশকিল। চোখের সমানে ন্যায় দেখতে পেলেও তাকে প্রকাশ করা যাবে না। এই রীতি চলে আসতে শুরু করে দিয়েছিল ব্রিটিশ ভারত যুগ থেকে। তখনও ব্রিটিশ সরকারের বিরুদ্ধে কোনও সংবাদ বা খবর প্রকাশ করলে তার ওপরে আইনী খড়গ নেমে আসতো। তারা সংবাদপত্রের ওপরে নজরদারি করতে থাকতো। কোনও সময়ে দেখতে পাওয়া গিয়েছে সরকার বিরোধী কোনও সংবাদ প্রকাশ করা একবারে অসম্ভব হয়ে পড়েছে। রাশিয়ায় এখন ইউক্রেনের পক্ষে সংবাদ প্রকাশ করাটা অসম্ভবে পরিণত হতে শুরু করে দিয়েছে। বহু রুশ বিরোধী সাংবাদিকদের গ্রেফতার করে কারাগারে রাখা হয়েছে। টিভি মিডিয়ার ওপরে সরকারি নিয়ন্ত্রণ করতে শুরু করেশে রুশ সরকার। পুতিন বিরোধী কোনও কথা ব্যক্ত করা চলবে না বা প্রকাশ করা যাবে না। চিন দেশের চেরাম্যান শি জিনপিং এর বিরুদ্ধে কোনও মত প্রকাশ করতে পারা একেবারে অসম্ভব। চিন দেশে সংবাদপত্রের কোনও স্বাধীনতা নেই। সেখানকার সংবাদপত্রগুলি সরকার দ্বারা নিয়ন্ত্রিত। তার ফলে চিন দেশের অভ্যন্তরে সাদারণ মানুষেরা কীভাবে দিন যাপন করছে তা জানতে পারা যায় না। চিন দেশে করোনা সংক্রণে কত লোক মারা দিয়েছিল তা জানার উপায় ছিল না। চিন দেশে সবচেয়ে বেশি করোনায় আক্রান্ত হয়ে মারা গিয়েছে। চিন দেশে করোনা টিকা ভলো ছিল না। তার ফলে চিন দেশের নাগরিকেরা চিন টিকার ওপরে বেশি ভরসা করতে পারেনি। এদিকে চিন দেশের একজন নাগরিক বলেছেন যে চিন দেশের প্রথম শ্রেণির রাষ্ট্র নেতারা গোপনে বিদেশি টিকা নিয়ে ছিল। তার ফলে তাদের করেনা সংক্রমণ আক্রমণ করতে পারনি। সাধারণ মানুষের জন্য বিদেশি টিকার দেওয়ার কোনও ব্যবস্থা চিন সরকার করেনি। তার ফলে সেখানকার লোকেরা বেশ ক্ষুব্ধ চিল সরকারের ওপরে। তবে এটা ঠিক যে চিন দেশে প্রথম করোনা সংক্রমণ দেখা দিয়েছিল যা চিন একেবারে প্রকাশ করেনি। করোনা চিন দেশে প্রথম আবির্ভাব হয়েছিল তা প্রকাশ করতে শুরু করে দিল ওয়াশিংটন পোস্ট। তারপরে সেটা আমেরিকান টাইমস প্রকাশ করতে শুরু করে। চিনের করোনা সংক্রান্ত এত বড় আমেরিকায় প্রকাশ পেতে শুরু করলে তাতে চিনের একেবারে নাজেহাল অবস্থা। এদিকে আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ট্রাম্প তো পরিস্কার করে বলে দিয়েছিলেন চিন দেশের উহান প্রদেশের গবেষণাগার থেকে করোনা সংক্রমণ প্রকাশ পেয়ে ছিল চিন যাত্রীদের আমেরিকা প্রবেশ করার ওপরে নিষেধাজ্ঞা জারি করতে শুরু করে আমেরিকা সরকার। আসলে চিন যদি আগে থেকে সারা বিশ্বকে করোনার ব্যাপারে সতর্ক করতো তাহলে করোনা সংক্রমণ নিয়ে আগে থেকেই পদক্ষেপ গ্রহণ করতো পারতো বিশ্বের বিভিন্ন দেশ। বিশ্ব মানবতার বিরদ্ধে বিশ্বাসঘাকততা করেছে চিন সরকার সেটা বলার অপেক্ষা রাখে না। আমেরিকার প্রেসিডেন্ট বাধ্য থাকেন সাংবাদিকদের সঙ্গে বৈঠক করার। তিনি কী সিদ্ধান্ত গ্রহণ করছেন

এবং সেই সদ্ধান্ত আমেরিকাবাসীর কতখানি স্বার্থের দিকে তাকিয়ে গ্রহণ করা হচেছ তার ব্যাখ্যা দিতে হয় আমেরিকার প্রেসিডেন্টকে। আমেরকার সাংবাদিকেরা যে স্বাধীনতা ভোগ করে তা কিন্তু বিশ্বের আর কোনও সংবাদ জগত এতখানি স্বাধীনতা ভোগ করে না। বিলাতের বিবিসি আবার প্রয়োজন মনে করলে সরকারের বিরুদ্ধে খবর প্রকাশ করে থাকে। ফকল্যাণ্ডের ইংরেজ সরকার মানবতাবাদ বিরোধী সিদ্ধান্ত গ্রহণ করে সেখানে বোমা বর্ষন করতে শুরু করে দিয়েছিল তা বিবিসি প্রচার করতে শুরু করে। সিবিসি সরকারি সংবাদ মাধ্যম হলেও তারা কিন্তু ব্রিটিশ সরকারকে বেশি পাত্তা দেয় না। তারা মনে করে যেখানে সত্য রয়েছে তাকে প্রকাশ করাই উচিত। আফগানিস্থানে গণতান্ত্রিক সরকারকে একেবারে মুছে ফেলে সেখানে তালিবান জঙ্গি সরকার প্রতিষ্ঠা করতে গেলে তার সংবাদ সংগ্রহ এবং ছবি তুলতে গিয়ে চিত্র সাংবাদিক সিদ্দিকিকে গুলি করে হত্যা করা হয়েছিল। তালিবানের পক্ষ থেকে বলা হয়েছিল তারা এই সাংবাদিক হত্যার সঙ্গে জড়িত নয়। এদিকে আফগান সরকার থেকে বলা হয়েছিল তালিবানরা কাবুল দখল করার সময়ে যাতে কেউ বাধা কারণ না হয়ে দাঁড়ায় সেই কারণে ভারতের চিত্র সাংবাদিকে গুলি করে হতা করা হয়েছিল। তবে কারা হত্যা করেছে তা এখনও পর্যন্ত জানতে পারা যায়নি। এদিকে ইজরায়েল হামাস যুদ্ধে বহু সাংবাদিকদের ওপরে হামলা করতে শুরু কর হয়েছিল। একদিকে হামাস জঙ্গি সংগঠনগুলি যেমন ইউরোপের সাংবাদিকদের ওপরে হামলা করে পাশাপাশি ইজরায়েল সেনারা প্যালেস্টানি সাংবাদিকদের ওপলে হামলা করেছিল বলে জানতে পারা গিয়েছে। ইজরায়েল পরিস্কার করে বলে দিয়েছিল সেনা অপারেশন চলাকালীন কোনও সংবাদিকদের সমানে আসা একেবারে অনুচিত। কারণ সেনাদের তখন মাথার ঠিক থাকে না। সেনারা অপারেশন করা সময়ে তাদের লক্ষ্য থাকে কীভাবে কতখানি স্থান দখল করা যেতে পারে। তার জন্য তারা মরিয়া হয়ে গুলি বর্ষন করতে থাকে। সেই সময়ে কোনও সাংবাদিকদের সমানে আসাটা একেবারে অনুচিত। কোনও কারণে সাংবাদিকদের ওপরে আক্রমংণ শুরু হয়ে যেতে পারে। কারণ তখন সেনাদের মানসিক অবস্থা খুবই ভয়ঙ্কার অবস্থায় থাকে। সেই দিকে লক্ষ্য রেখে সাংবাদিকদের উচিত কাজ হচ্ছে অপারেশনের সময়ে সেনাদের সঙ্গে না থাকা। অপারেশন শেষ হয়ে যাওয়ার পরে সাংবাদিকেরা সেনা কর্তাদের সঙ্গে কথা বলে সংবাদ সংগ্রহ করতে পারে। যুদ্ধের সময়ে সাধারণ মানুষ আর সাংবাদিকদের মধ্যে বেশি তফাত বুঝতে পারা যায় না। যারা স্পট ছবি সংগ্রহ করতে যান তারা তাদের জীনবটাকে নিজেদের হাতের মুঠোর মধ্যে করে নিয়ে সাহস অবলম্বন করে ছবি তুলতে শুরু করেন। 'কমিটি টু প্রোকেক্ট জার্নালিস্ট'-এর পরিসংখানে দেখতে পাওয়া গিয়েছে যে গাজায় মৃত্যু হয়েছে ৬৮ জন সাংবাদিকদের।

দর্জির বাড়িতে হানা ইডির, চাঞ্চল্য বর্ধমানে

সুজিত দত্ত, বর্ধমান, ১০ ডিসেম্বর ঃ পাড়াতেই দর্জির দোকান। একেবারে ছাপোষা জীবনযাপন। কোনওদিনও আচরণে তেমন কোনও সন্দেহজনক দেখেননি কেউই। মঙ্গলবার সাতসকালে যখন বড় গাড়ি করে কর্তাব্যক্তিরা দর্জি তথা হাসান আলির বাড়ির সামনে এসে দাঁড়ান, তখনও কিছু ঠাহর করতে পারেননি পড়শিরা। অফিসাররা বাড়ির দরজার বেল বাজান। তারপর ভিতরে ঢুকে যান। প্রতিবেশীরা ততক্ষণে জানতে পারেন ইডি আধিকারিকরা এসেছেন। কিন্তু নিছক একজন ছাপোষা দর্জির বাড়িতে কেন এলেন ইডি আধিকারিকরা, সে বিষয়ে অন্ধকারে স্থানীয় বাসিন্দারা। মঙ্গলবার সাতসকালে বর্ধমানের লস্করদিঘি এলাকায় চাঞ্চল্য। ওই দর্জির নাম হাসান আলি। তিনি লস্কর পাড়ার দীর্ঘদিনের বাসিন্দা। এলাকাতেই তার একটি টেলারিংয়ের দোকান রয়েছে। মঙ্গলবার সকালে চার পাঁচ জনের একটি দল তার বাড়িতে আসেন। শেষ পাওয়া খবর পর্যন্ত এখনও বাড়ির ভিতরে তল্লাশি চালাচ্ছেন তারা। তবে কী কারণে ইডির হানা, তা নিয়ে চলছে জল্পনা। হাসানের বাড়ির বাইরে মোতায়েন করা ছিল স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র হাতে কেন্দ্রীয় বাহিনী। ভিতরে ইডি আধিকারিকরা। আর পাড়ার গলিতে অত্যুসাহী প্রতিবেশীদের জটলা, ব্যর্থ উঁকি ঝুঁকি মারার চেষ্টা। কিন্তু কেন্দ্রীয় বাহিনীর কড়া নিরাপত্তার ফাঁকে মাছি গলার উপায় নেই। টেলারিংয়ের ব্যবসার আড়ালে হাসান আদতে কি এমন অপরাধমূলক কাজকর্ম চালাতো তা নিয়েই সন্দিহান স্থানীয়রা। সূত্রের খবর, অতীতে হাসান আলি বিদেশে গিয়েছিলেন । সেখানে কয়েকমাস ছিলেন। তারপর বর্ধমানের বাড়িতে ফিরে আসেন । তখন থেকেই দর্জির কাজ করছেন । সূত্রের খবর, বিদেশে ক্যারিয়ার বা বেআইনি সামগ্রীর বাহক হিসেবে কাজ করতেন তিনি । এমনকি হাসান আলির ছেলের নামে থাকা ব্যাংক অ্যাকাউন্টে মোটা অংকের টাকা জমা পড়েছে । সেই সূত্র ধরেই মঙ্গলবার সকাল থেকে হাসান আলির বাড়িতে তল্লাশি শুরু করেছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা । কোথা থেকে সেই টাকা এল, হাসান আলি বিদেশে কী কাজে গিয়েছিলেন, এমন নানা প্রশ্নের জবাব পেতে ইডির এই অভিযান বলে সূত্রের খবর । সূত্র মারফত আরও জানা যাচ্ছে, দর্জির দোকানের আড়ালে হাসান নাকি হাওলার মাধ্যমে টাকা পাচার করত। রাজ্যের বেশ কয়েকজন বড় হাওলার কারবারির কাছে হাসান আলী নাকি পরিচিত নাম! তার ছেলের অ্যাকাউন্টে হঠাৎ ১০ লক্ষ টাকা কিভাবে, কোথা থেকে, কি কারনে এলো সেই বিষয়ে জিজ্ঞাসাবাদ করতেই ইডির হানা বলে জানা গেছে। এদিন তল্লাশি ও জিজ্ঞাসাবাদ করে বিকাল প্রায় ৪ টে ৪৫ মিনিট নাগাদ ইডির আধিকারিকরা চলে যায়। উল্লেখ্য, এদিন দক্ষিণ চব্বিশ পরগনার ভাঙরের চকবড়ালির মধ্যপাড়াতেও হানা দেয় ইডির একটি টিম। সেখানে জলিল মোল্লা নামে একজনের বাড়িতে হানা দেয় ইডি।

শিলিগুড়িতে অনুষ্ঠিত হলো উদয় শঙ্কর নৃত্য উৎসব ‘‘প্রতিশ্রুতি’’

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১০ ডিসেম্বর ঃ শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে অনুষ্ঠিত হলো উদয় শংকর নৃত্য উৎসব ‘‘প্রতিশ্রুতি’’। অনুষ্ঠানের উদ্বোধন করেন মেয়র গৌতম দেব। অসাধারণ উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হলো এই অনুষ্ঠান। অনুষ্ঠানের উদ্বোধন করে মেয়র জানান, উদয় শংকরের কথা আমরা বারবার মনে করি। তিনি যে কত বড় শিল্পী ছিলেন

একমাত্র তিনিই তা জানেন। তিনি শুধু জাতীয় না আন্তর্জাতিক স্তরেও স্বীকৃত শিল্পী। তার পরিচয় এবং পরিস্থিতি নতুন করে বলবার কিছু থাকে না। আমরা ভাগ্যবান তার শিল্পের ছটা আমরা স্বচক্ষে দেখতে এবং বুঝতে পেরেছি। এই অনুষ্ঠানের মধ্য দিয়ে তার উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করলাম। তার শিষ্যরাও দেশে এবং বিদেশে নাম উজ্জ্বল করে আছে। আজকে যারা এখানে নৃত্য প্রদর্শন করলেন তারা সবাই বড় শিল্পী হওয়ার দাবি রাখে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিলিগুড়ির প্রতিষ্ঠিত নামে শিল্পীরা।

চিতার হামলা! তুলে নিয়ে গেল ছাগল

দুরন্ত বার্তা, মালবাজার, ১০ ডিসেম্বর ঃ বাড়ির ভিতরে থাকা ছাগলের ঘরের বেড়া ভেঙে ছাগল তুলে নিয়ে গেল চিতাবাঘ। পরে এটি আরও একটি ছাগল তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। টের পেয়ে বাড়ির লোকজন চিৎকার শুরু করলে দ্বিতীয় ওই ছাগলটিকে ছেড়ে পালিয়ে যায় চিতাটি। যদিও ওই ছাগলটি পরে মারা যায়। মালবাজার মহকুমার মেটেলি ব্লকের বাতাবাড়ি দিঘিরপাড় এলাকার ঘটনা। ঘটনায় ওই এলাকায় আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে। কিছুদিন আগেও ওই এলাকায় হাতির হাত থেকে রক্ষা পান তিন যুবক। এলাকাটি চালসা রেঞ্জের খড়িয়ারবন্দর জঙ্গল সংলগ্ন। এবারের এই চিতাবাঘের আক্রমণের ঘটনা বাতাবাড়ি দিঘিরপার এলাকার সন্তোষ সরকারের বাড়ির। বাড়ির মালিক বলেন, ‘রাত তখন তিনটে। শব্দ পেয়ে ঘর থেকে বাইরে বেরিয়ে দেখি চিতা একটি ছাগলকে তুলে নিয়ে যাচ্ছে। চিৎকার করলে চিতাটি ছাগলকে ফেলে দিয়ে পালিয়ে যায়। কিছুক্ষণ পরে ছাগলের ঘরে গিয়ে দেখি একটি ছাগল সেখান থেকে উধাও! তার মানে, ওই ছাগলটিকে আগেই নিয়ে গেছে চিতাটি।’ মঙ্গলবার সকালে ঘটনার খবর চাউর হতেই ওই বাড়িতে বহু মানুষের ভিড় হয়। স্থানীয় লোকজন এলাকায় চিতা বাঘের উপদ্রবে রীতিমতো আতঙ্কিত।

নবান্ন পার্বণ বিদ্যালয়ে, শিক্ষক, শিক্ষিকা, ছাত্রছাত্রী পঙক্তিতে ভোজনে

দুরন্ত বার্তা, শান্তিনিকেতন, ১০ ডিসেম্বর ঃ স্কুলেই নবান্ন অভিযান। তবে এই অভিযান একটু স্বতন্ত্র। বিদ্যালয় যদি গৃহকোণ হয়। তাহলে সেখানে উৎসবও হয়। বাঙালির প্রিয় উৎসব নবান্ন বা লবান উৎসব

তেরো পার্বণের একটি। আবার এই অগ্রহায়ণ মাসেই পড়েছে সমস্ত শ্রেণির পার্বিক পরীক্ষা থেকে প্রাক মাধ্যমিক ও প্রাক উচ্চমাধ্যমিক পরীক্ষা। তাই কারো কারো বাড়িতে নবান্ন উৎসব হলেও, পরীক্ষার চাপে তা পড়ুয়াদের কাছে ঠিক উপভোগ্য হয়ে ওঠে নি। সেই সুযোগটাই করে দিলেন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা। ছাত্রছাত্রীদের নিয়ে নবান্ন পরব অনুষ্ঠিত হলো মঙ্গলবার শান্তিনিকেতনের পারুল ডাঙ্গা বোলপুর শিক্ষা নিকেতন আশ্রম বিদ্যালয়ে। আয়োজন করেন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও পরিচালন সমিতি। শিক্ষকদের কথায়, মাঠে আমন ধান ওঠার সময় গ্রাম বাংলায় নবান্ন উৎসব একটি অন্যতম পার্বণ। শহরে এই উৎসব প্রায় উঠে যেতে বসেছে। তাছাড়াও এই সময় পরীক্ষা চলাকালীন ছাত্রছাত্রীরা ঠিক ভাবে বাড়িতে নবান্ন উৎসব উপভোগ করতে পারে নি। সেটা মাথায় রেখে এই আয়োজন। নবান্নর মতোই ক্ষীর দিয়ে নতুন ধানের চাল গুড়োর গুলুনি, ফল মিস্টি দেওয়া হয় পড়ুয়াদের পাতে। দুপুরে মেনুতে ছিল ভাত, সবজি, মাছ, বোঁদে, পায়েস, মিস্টি ইত্যাদি। প্রায় পাঁচশো পড়ুয়া ও শিক্ষক শিক্ষিকারা এক জায়গাই পাত পেড়ে খায়। দ্বাদশ শ্রেণির পরীক্ষা আগেই হয়ে গেছে। তারা ছাড়া সবাই হাজির ছিল। ষষ্ঠ শ্রেণির ছাত্র দেবাশীষ মুর্মু, নবম শ্রেণির ছাত্রী শিল্পী রুজেরা জানায়, শিক্ষক-শিক্ষিকাদের সাথে এক সাথে বসে লবান করতে ভালোই লাগলো।

সমুদ্র সৈকতে সাফাইয়ের কাজে হাত লাগলো এলাকার স্থানীয় হকার থেকে পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারা

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ১০ ডিসেম্বর ঃ সমুদ্র সৈকতে সাফাইয়ের কাজে হাত লাগালো এলাকার স্থানীয় হকার থেকে শুরু করে পুলিশ ও প্রশাসনের কর্মকর্তারা। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পূর্ব মেদিনীপুর জেলা সফরের আগেই পলিথিন, প্লাস্টিক বর্জন করার সচেতনতা ছড়িয়ে দেওয়া হয় সমুদ্র তীরবর্তী উপকূল এলাকার সাধারণ মানুষ ও পর্যটকদের মধ্যে। সমুদ্র তটভূমিকে স্বচ্ছ, সুন্দর ও দূষণমুক্ত করতে সোমবার সকাল থেকে নোংরা আবর্জনা সাফাই করেন স্থানীয় মানুষ থেকে শুরু করে পুলিশ ও প্রশাসনের কর্মীরা। এদিন স্বচ্ছতা ও সাফাই অভিযানে হাত লাগান খোদ মন্দারমণি কোস্টাল থানার ওসি অরিজিত চ্যাটার্জী। মন্দারমণি কোস্টাল থানার ওসি বলেন, পর্যটনকেন্দ্র গুলিকে পরিষ্কার রাখলে তবেই দূষণমুক্ত সৈকতে পর্যটকরা মুক্ত বাতাস অনুভব করতে পারবেন। প্রশাসনও এই কাজে সাহায্য করবে এবং নজরদারি চালাবে বলে জানান মন্দারমণি কোস্টাল থানার ওসি অরিজিত চ্যাটার্জী। আমরা সারাবছরই মন্দারমণিতে স্বচ্ছতা ও সাফাই কর্মসূচি করে থাকি। নিজেদের এগিয়ে এসে সচেতনতা জাগানোরও প্রয়োজন রয়েছে। তবে এই উদ্যোগ মানুষের মধ্যে সচেতনতা সঞ্চার করবে বলে আশা প্রকাশ করেছেন মন্দারমণি হোটেলিয়ার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট মীর ইয়ার আলি।

দুর্ঘটনায় মৃত একই পরিবারের ৩ জন

দুরন্ত বার্তা, বীরভূম, ১০ ডিসেম্বর ঃ এক মর্মান্তিক বাইক দুর্ঘটনায় একই পরিবারের মৃত্যু ঘটলো তিনজনের। ঘটনাটি ঘটেছে মঙ্গলবার দুপুরে ইলামবাজারের গোপালনগরের কাছে। জানা গেছে, মৃতদের নাম বিরাজ মাল, বাবুসোনা মাল ও সাগর মাল। বিরাজ মালের বাড়ি আউসগ্রামের করদিহা গ্রামে। অন্যদিকে, বাবুসোনা মাল ও সাগর মালের বাড়ি পূর্ব বর্ধমান জেলার আউসগ্রাম থানার উত্তর রামনগর গ্রামে। জানা গেছে, একই বাইকে চেপে আত্মীয়ের বাড়ি থেকে আসছিলেন তিন জনে একটি বাইকে চেপে। ইলামবাজার লাগোয়া গোপালনগর সংলগ্ন একটি বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলের বাসের সঙ্গে ধাক্কা লেগেই তাদের সেখানেই মৃত্যু হয়। দুর্ঘটনার খবর পেয়ে ইলামবাজার থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তিনজনের মৃতদেহ উদ্ধার করে। তাদের মৃতদেহ বোলপুর মহকুমা হাসপাতালে পাঠায় পুলিশ।

The Assistant Engineer, PWD Hooghly Construction Sub Division No II, Arambagh, Hooghly invites Tender vide **NIT No.08/Sub/II of 2024-25 for 01(One)** No work from bonafied resourceful agency having technical and financial capability of performing the job. The details will be available in the office notice board and from office within office hour. Last date of application-**17.12.2024**. Last date of receiving tender paper-**19.12.2024**

Sd/- A. De
Assistant Engineer(PWD)
Hooghly Construction Sub Division No-II
Arambagh, Hooghly

Office of the Pradhan
Keshargarh Gram Panchayat
Vill + PO – Dapang, PS- Hura, Dist-Purulia, Pin- 723148
Notice Inviting E-Tender No: - WBPUR/HURA/KGP/382/eNIT No-03/ 2024-25, Dated:- 10/12/2024

E-Tender is invited by the prodhan, Keshargarh Gram Panchayat from the resourceful, bonafide, experienced contracts. Bid Submission End Date (Online) **20.12.2024 04.00 PM**. Bid Opening Date (Technical) **23.12.2024 at 02.30 PM**. For further details please visit **https:// wbtenders.gov.in** AND Keshargarh Gram Panchayat Office Notice Board undersigned.

Sd/- Pradhan
Keshargarh Gram Panchayat

BIDHANNAGAR MUNICIPAL CORPORATION
POURA BHABAN, BIDHANNAGAR

NIT No. 612/PWD/ROAD/BMC(2nd Call), Dated : 10/12/2024. e-Tender has been invited for Repairing and maintenance bituminous road construction concrete road with masonry box drain at different locations within ward no. 10, 33 under BMC. For details, please follow Tender **Id 2024_MAD_782510_1 and 2** in **www.wbtenders.gov.in**, Office Notice Board Last date of Bid submission- **26/12/2024 up to 3:00 p.m.**

Sd/-
Executive Engineer
Bidhannagar Municipal Corporation

Office of the Pradhan
Hutmura Gram Panchayat
Vill+PO – Hutmura, PS-Purulia(MF)
Dist-Purulia
Memo No.-431/HGP Dated-10/12/2024
NOTICE INVITING e-TENDER No.- 05(01)/2024-25

For and on behalf of the Hutmura Gram Panchayat, Pradhan, Hutmura Gram Panchayat invites tenders through e-Tendering for the work of construction of cycle stand with shed. Last date of submission of Bid **17.12.2024 at 4 pm**. Bid Opening Date (Technical) **20.12.2024 at 9AM**. For more details information visit: **www.wbtenders.gov.in** and office of the undersigned.

Sd/- Pradhan
Hutmura Gram Panchayat

Office of the Pradhan, Haturia-II Gram Panchayat
